বাড়তেই আছে। নিজের এবং বাচ্চাদের চারপাশে রহমানী প্রতিরক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা করতে মাসনুন দু'আসমূহের উপর গুরুত্ব দিতে হবে। নেক আমল, (যার মধ্যে জিহাদ হলো সর্বোচ্চ চূড়া) হালাল রিযিক এবং সর্বদা অযু অবস্থায় থাকার চেষ্টা করতে হবে। রহমানী নেযাম থাকা অবস্থায় শয়তানী হামলা ব্যর্থ হয়ে যায়। শয়তানরা ফেরেশতাদের সামনে থাকতে পারে না। জিহাদের প্রস্তুতি, ঘোড়া, অস্ত্র ইত্যাদির মাধ্যমেও শয়তানী শক্তি পালিয়ে যায়। এমনি ভাবে আল্লাহ তা'আলার নেক বান্দাদের দেখেও শয়তান পালায়ন করে। তাই আল্লাহর এমন নেক বান্দার সাথে সম্পর্ক গড়তে হবে, যার আকীদা কুরআন-হাদীসের অনুগত। ঘর থেকে ছবি, মিউজিক, গান-বাদ্যের ঘন্টা এবং ওইসব জিনিস, যার কারণে ঘরে ফেরেশতা আসে না সেগুলো বাহিরে নিক্ষেপ করুন। কারণ, মিউজিকের প্রত্যেক বাদ্যের সাথে পৃথক পৃথক শয়তান থাকে। প্রত্যেক মুসলমানের এ কথা বুঝা উচিত যে, সে প্রতিটি মূহুর্তে যুদ্ধরত আছে। তার দুশমন প্রকাশ্য শত্রু, যে প্রতি মূহুর্তে তার গাফেল হওয়ার অপেক্ষায় থাকে। আমাদের এ কথা বলা উচিত নয় যে, এই যুগে এসব বস্তু থেকে কিভাবে বাঁচবো? এই বাক্য ঈমানের দূর্বলতা এবং আখেরাতের প্রতি বিশ্বাস না থাকার আলামত। যার যিন্দেগীর মাকসাদ আখেরাত সুসজ্জিত করা, সে সর্বদাই তা বাঁচানোর ফিকির করে। কখনো হাতিয়ার ফেলে দেয় না। দুশমনও তার কাজে লেগে আছে আপনিও লেগে থাকুন। আল্লাহর সহযোগীতায় আপনি-ই বিজয়ী হবেন। মনে রাখতে হবে, জিন এবং শয়তানদের প্রভাব তাদের উপরই চলে যারা তাদেরকে বন্ধু বানায়, অর্থাৎ আল্লাহর নাফরমানী করে। ইবলিশ নিজে আল্লাহ তা'আলাকে বলেছিলো, আমি তোমার একনিষ্ঠ বান্দাদের ছাড়া গোটা মানবজাতিকে বিভ্রান্ত করবো।

কুরআনে কারীমে আল্লাহ তা'আলা এরশাদ করেন, নিশ্চয় শয়তান তাদের উপর কোনো প্রভাব ফেলতে পারবে না, যারা ঈমান এনেছে এবং তাদের প্রতিপালকের উপর ভরসা করে। তার প্রভাব কেবল তাদের উপর থাকবে, যারা তাকে বন্ধু বানাবে এবং তার সাথে শরীক হবে।

-সূরা নাহল/১০০।

এজন্যই সকল মুসলমানকে আল্লাহ তা'আলার আনুগত্য, নামাযের পাবন্দী, কুরআন তেলাওয়াত, হারাম মাল থেকে বেঁচে থাকা, গান-বাদ্য থেকে দূরে থাকা এবং যিকির-আযকারে মশগুল থাকা উচিত। যদি কোনো পেরেশানী আসে, তাহলে কোনো পেশাদার পীরের কাছে না গিয়ে এমন কোনো আলেমের কাছে যাবেন, যিনি শরীয়তের ইলম রাখেন এবং কুরআন ও সুন্নাহের আলোকে আপনাকে পথপ্রদর্শন করতে পারেন। তাছাড়া আল্লাহর নেক বান্দাদের নিকট সেসব যাদুকরের ব্যাপারেও খোঁজ-খবর নেয়া উচিত, যারা সাধারণ মুসলমানের যিন্দেগীকে আযাবে পরিণত করেছে। যারা আমাদের উলামায়ে কেরামের উপর ধারাবাহিক আক্রমণ করে যাচ্ছে। প্রথমে উলামায়ে কেরামের নিকট জিজ্ঞেস করবেন, সেসব যাদুকরের ব্যাপারে শরীয়তের কী হুকুম? আল্লাহ তা'আলা সকল মুসলমানকে হেফাজত করুন। দুশমনদেরকে ধ্বংস করে দিন। আমীন।

চলমান ফেতনার মধ্যে কি চুপ থাকা উচিত?

বর্তমান যুগে ইসলামী বিশ্বের সামনে যে পরিস্থিতি দৃশ্যমান, এমতাবস্থায় একজন মুসলমানের কী করা উচিত? কার সঙ্গ দেয়া উচিত? নাকি চুপ করে বসে থাকবে? কিছু লোকের ধারণা, এটা ফেতনার যুগ। ফেতনার সময় কারো সঙ্গ দেয়া উচিত নয়, বরং চুপ থাকা উচিত। প্রশ্নগুলোর জবাব জানার আগে আমাদের জানা উচিত যে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক যুগের ফেতনা পৃথক পৃথক বর্ণনা করেছেন। প্রত্যেক ফেতনা বর্ণনা করার সাথে সাথে তা থেকে বাঁচার পদ্ধতিও বলেছেন। এমন নয় যে, প্রত্যেক ফেতনা থেকে একই পদ্ধতিতে বাঁচা যাবে। এক ফেতনা থেকে বাঁচার জন্য অন্য ফেতনা থেকে বাঁচার পদ্ধতি অবলম্বন করলে চলবে, এমনটিও নয়। সহজে বুঝার জন্য আমরা এখানে কিছু হাদীস উল্লেখ করছি, যেগুলোতে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিভিন্ন ফেতনা বর্ণনা করেছেন এবং সেগুলোতে কী পদ্ধতি অবলম্বন করতে হবে তা-ও বলে দিয়েছেন।

১. আবু যর গিফারী রা. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন, তোমাদের তখন কী হবে যখন তোমাদের উপর এমন শাসক হবে, যারা নামাযকে আপন সময় থেকে পিছনে নিয়ে আদায় করবে? অথবা নামাযকে তার আপন সময় থেকে সরিয়ে বরবাদ করে আদায় করবে? আবু যর রা. জিজ্ঞেস করলেন, তখন আপনি আমাকে কী করতে আদেশ করেন? তিনি বললেন, তোমরা নামাযকে তার ওয়াক্ত অনুযায়ী আদায় করবে। যদি শাসকদের সাথে পড়তেও হয়, তাহলে পড়বে। সেটা তোমাদের জন্য নফল হয়ে যাবে।

-মুসলিম শরীফ।

ফায়দাঃ এই হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযের ওয়াক্তকে বরবাদ করার ফেতনার ব্যাপারে সতর্ক করেছেন এবং তার সমাধানও বলেছেন। এখন এখানে যদি কেউ এ কথা বলে, এটি একটি ফেতনা। ফেতনার সময় ঘরে চুপ করে বসে যাওয়া উচিত, তাহলে কি এটি সঠিক হবে? না। চিকিৎসা সেটি-ই করতে হবে, যেটি নবুওয়াতের যবানে বাতলে দিয়েছেন। সুতরাং বনু উমাইয়ার যুগে এই ভবিষ্যতবাণী বাস্তবায়িত হয়েছে। বিশেষত হাজ্জায বিন ইউসুফের সময়। যেসব উলামায়ে কেরাম তার বিরুদ্ধে যুদ্ধে বের হয়েছেন তার কারণসমূহের একটি হলো, নামাযের ওয়াক্ত নষ্ট করা।

২. আব্দুল্লাহ বিন আব্বাস রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, ফেতনার যুগে সেই ব্যক্তি সর্বোত্তম, যে নিজের ঘোড়ার লাগাম অথবা নাকের রশি ধরবে এবং আল্লাহর দুশমনদের পিছনে ধাওয়া করবে। আল্লাহর দুশমনদেরকে ভীত-সন্ত্রস্ত করবে এবং ভীতি প্রদর্শন করবে। অথবা সেই ব্যক্তি উত্তম, যে নিজের বাসগৃহে স্বেচ্ছায় বন্দী হয়ে থাকবে এবং আল্লাহর হকসমূহ আদায় করবে।

-ইমাম হাকিম রহ. এই হাদীসকে বুখারী ও মুসলিম শরীফের শর্ত অনুযায়ী সহীহ বলেছেন। ইমাম যাহাবী রহ.ও এর সাথে একমত পোষণ করেছেন।

ফায়দাঃ এই হাদীসে ফেতনার সময় জিহাদকারীকে সর্বোত্তম বলা হয়েছে।

৩. আবু সাঈদ খুদরী রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, এমন একটি সময় খুবই নিকটবর্তী যখন মুসলমানদের সর্বোত্তম মাল হবে সেসব বকরী, যেগুলোকে নিয়ে ফেতনা থেকে দীন বাঁচানোর জন্য পাহাড়ের চূড়ায় অথবা বিরানভূমিতে পালায়ন করবে।

-বুখারী শরীফ ১/১৫, মুসান্নাফে ইবনে আবী শায়বা ৭/৪৪৮, মুসনাদে আবু ইয়ালা ২/২৭১।

ফায়দাঃ এই হাদীসের শব্দগুলো যদিও ব্যাপক, কিন্তু সাহাবায়ে কেরাম রা. এর একটি দল এই হাদীসের উপর তখন আমল করেছেন, যখন উসমান রা. এর শাহাদাতের পর মুসলমানদের মধ্যে ব্যাপক মতানৈক্য প্রকাশ পায়। সুতরাং কিছু সাহাবায়ে কেরাম রা. মদীনা মুনাওয়ারা ছেড়ে দূর গ্রামাঞ্চলে চলে যান। এই হাদীস এমন যুগের কথাও বর্ণনা করছে, যখন সব ধরণের ফেতনা হবে। সেসব ফেতনা থেকে সে-ই বাঁচতে পারবে, যে পাহাড়ের চূড়ায় পালায়ন করবে। কেননা ঘরের মধ্যে নিজেকে বন্দী করে নিলেও সেসব ফেতনা থেকে বাঁচা সম্ভব হবে না। ফেতনা ঘরে প্রবেশ করে আক্রমণ করবে।

আল্লামা ইবনে আব্দুল বার রহ. 'আত তামহীদ লিমা ফিল মুয়াত্তা মিনাল মাআনী ওয়াল আসানিদ' গ্রন্থে বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথায় 'ফিতান' বহুবচনের শব্দ রয়েছে। এর দ্বারা উদ্দেশ্য, সব রকমের ফেতনা।

সেসব ফেতনারই একটি বড় ফেতনা হলো, দুনিয়া জুড়ে সুদী নেযামের সয়লাব। যেটিকে সূদের হাদীসেও বর্ণনা করা হয়েছে। যখন হারামখুরী ব্যাপক আকার ধারণ করবে। মানুষের ব্যবসা-বাণিজ্য সূদী অর্থনৈতিক নীতিমালার উপর চলবে। মানুষের সাথে লেনদেনের সময় মুসলমান হারাম খাওয়া থেকে বাঁচতে পারবে না। তখন হারাম থেকে বাঁচার জন্য পাহাড়ের চূড়ায় পালায়ন করবে এবং সেখানে হালাল রুজী অর্থাৎ বকরীর আয় থেকে খাবে। এমন সময় যদি কেউ ঘরে থাকে, তাহলে সে সেখানে সূদী নীতিমালার অধীনে উপার্জিত কামায় থেকেই খাবে। সুতরাং যা সে খাবে, সবই সূদ অথবা সূদের ধূলো-বালি খাবে।

বুখারী শরীফের ব্যাখ্যাকার, ইবনে রজব রহ. 'ফাতহুল বারী' গ্রন্থে বলেন, সেই ফেতনার সময় সর্বোত্তম মাল বকরী হবে। কারণ, সেগুলো নিয়ে লোকালয় থেকে দূরে চলে যাবে, সেসব বকরীর গোশত খাবে, দুধ পান করবে এবং সেগুলোর পশমের কাপড় পরিধান করবে। আর বকরীগুলো পাহাড়ের ঘাস খাবে, পানি পান করবে। এই ফায়দা বকরী ছাড়া অন্য কিছুতে পাওয়া যাবে না। এজন্যই পাহাড়ের চূড়ায় চলে যেতে বলেছেন। কারণ, পাহাড়ের চূড়া দুশমন থেকে আশ্রয়ের জন্য প্রতিরক্ষার ব্যবস্থা করবে।

-ফাতহুল বারী।

৪. আবু মূসা আশআরী রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, কিয়ামতের আগে এমন ফেতনা আসবে, যা আধাঁর রাতের টুকরোর মতো হবে। তখন মানুষ সকালে মুমীন হবে এবং সন্ধায় কাফের হয়ে যাবে। আবার সন্ধায় মুমিন হবে এবং সকালে কাফের হয়ে যাবে। সেসব ফেতনার সময় উপবিষ্ট ব্যক্তি দণ্ডায়মান ব্যক্তি থেকে উত্তম হবে। চলমান ব্যক্তি ছুটন্ত ব্যক্তি থেকে উত্তম হবে। সুতরাং তোমরা তখন নিজেদের ধনুকগুলো ভেঙ্গে ফেলবে। ধনুকের তারগুলো কেটে ফেলবে। তলোয়ারগুলো পাথরে আঘাত করবে। (ভোঁতা করে দিবে) তারপরও তোমাদের নিকট যদি কেউ আসে তাহলে আদম আ. এর দুই সন্তানের মধ্যে উত্তম সন্তানের মতো হয়ে যাবে। (হাবিলের মতো কতল হয়ে যাবে)

-এটি সহীহ সনদে বর্ণিত হয়েছে। আবু দাউদ শরীফ, মুসনাদে আহমদ, ইবনে মাজাহ, মুসতাদরাকে হাকিম এবং বায়হাকী শরীফ।

ফায়দাঃ এই হাদীসের মধ্যে এমন সময়ের কথা বর্ণনা করা হয়েছে, যখন যুদ্ধরত উভয় দল হকপন্থী হবে। তখন কারো বিরুদ্ধেই হাতিয়ার উঠানো যাবে না। এই হুকুম তখনও হবে, যখন কোনো মুসলমানকে আহলে হকের বিরুদ্ধে যুদ্ধ করতে হুকুম করা হবে।

৫. আব্দুল্লাহ বিন মাসঊদ রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুহাম্মাদ বিন মাসলামা রা.কে তরবারি দিলেন এবং বললেন, এই তরবারী দিয়ে মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করবে, যতক্ষন তারা যুদ্ধ

করবে। অতঃপর যখন মুসলমানরা আপসে যুদ্ধ করবে, তখন এই তরবারীকে উহুদ পাহাড়ের কাছে নিয়ে আসবে। তারপর পাহাড়ের উপর আঘাত করতে করতে তাকে ভোঁতা করে দিবে এবং ভেঙ্গে ফেলবে। তারপর ঘরে এসে চুপ করে থাকবে। যতক্ষন না তোমার কাছে কোনো যুদ্ধ অথবা হত্যাকারী এসে যাবে। আবু দাউদ শরীফের অপর একটি বর্ণনায় শেষ শব্দ এমন; সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, আমাদেরকে আপনি কী আদেশ করেন? তিনি বললেন, ঘরের কোনে প্রবেশ করবে। অর্থাৎ ঘর থেকে বের হবে না।

-ইবনে আসাকিরের সূত্রে কানঞ্জুল উম্মাল।

সাহাবায়ে কেরাম রা. উপরে বর্ণিত হাদীসগুলোর ৩, ৪ ও ৫নং হাদীসে বর্ণিত ফেতনাগুলো দ্বারা সাহাবায়ে কেরামের পারস্পরিক যুদ্ধগুলোকে বুঝিয়েছেন। সুতরাং সাহাবায়ে কেরাম রা. এর একটি দল সেই ফেতনার সময় সেসব ক্ষেত্রে একাকিত্ব অবলম্বন করেছেন। তাঁদের মধ্যে সাআদ বিন আবি ওয়াক্কাস, উসামা বিন যায়েদ, আব্দুল্লাহ বিন ওমর বিন খাত্তাব, আবু হুরায়রা, সাঈদ বিন যায়েদ, সোহাইব বিন সিনান রুমী, মুগীরাহ বিন শুবা, আব্দুল্লাহ বিন সাআদ বিন আবি সারাহ, সাঈদ বিন আস, যায়েদ বিন ছাবেত, আব্দুল্লাহ বিন মুগাফ্ফাল এবং আব্দুল্লাহ বিন সালাম রা. প্রমুখ সাহাবায়ে কেরাম শামিল ছিলেন।

-সিয়ারে আ'লামুন নুবালা লিযযাহাবী, আল ইসাবাহ লি-ইবনে হাজার রহ.।

সুতরাং কিছু সাহাবায়ে কেরাম মদীনা মুনাওয়ারা ছেড়ে দূরের গ্রামে চলে গিয়েছিলেন। তাঁদের মধ্যে ইহুদী সরদার কাআব বিন আশরাফকে কতলকারী মুহাম্মাদ বিন মাসলামা রা.ও ছিলেন। তিনি এবং সালামা বিন আকওয়া রা. উভয়ে 'রবযাহ' (মদীনা মুনাওয়ারা থেকে দক্ষিনপূর্বে ১০০ কি.মি. দূরের একটি গ্রামে) নামক গ্রামে চলে গিয়েছিলেন।

হুযায়ফা রা. বলেন, আমি এমন এক ব্যক্তিকে জানি যাকে ফেতনা কোনো ক্ষতি করতে পারে না। তিনি হলেন, মুহাম্মাদ বিন মাসলামাহ রা.

-উসদুল গবাহ।

ইমাম তাউস রহ. বলেন, আমরা রবযাতে এসে একটি তাবু টানানো দেখলাম। তাতে মুহাম্মাদ বিন মাসলামাহ রা. ছিলেন। আমরা তাঁকে

কারণ জিজ্ঞেস করলে তিনি বলেন, আমি তাদের শহরের কোনো কিছুতে অংশগ্রহণ করবো না, যতক্ষন না ব্যাপারটা স্পষ্ট হবে।

-উসদুল গবাহ।

সালামাহ বিন আকওয়া রা. হাজ্জাজ বিন ইউসুফের সময় যখন ফিরে এলেন, তখন হাজ্জাজ বলল, আপনি তো হিজরত থেকে ফিরে গিয়েছিলেন এবং গ্রামে গিয়ে বসেছিলেন। তিনি জবাব দিলেন, না। আমি হিজরত ত্যাগ করিনি বরং আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অনুমতি দিয়েছিলেন।

-বুখারী শরীফ।

তরবারী ভেঙ্গে ফেলার হুকুম কেনো দেয়া হয়েছে?

এটাও দেখা উচিত যে, কেনো তরবারী ভেঙ্গে ফেলার হুকুম দেয়া হয়েছে। কারণ, তরবারী আল্লাহর কালেমার বুলন্দী এবং মুসলমানের জান ও মাল হেফাজতের জন্য আল্লাহর সন্তুষ্টি ছিলো। কিন্তু যদি এমন যুগ আসে, যখন একজন সৈন্য অথবা মুজাহিদকে এই তরবারী দিয়ে এমন কাজ করতে হয়, যাতে আল্লাহ অসন্তুষ্টি রয়েছে, তখন এই তরবারী চালানোর চেয়ে তা ভেঙ্গে ফেলা-ই উত্তম। আল্লাহর দীনের বুলন্দীর জন্য চলার পরিবর্তে যদি আল্লাহর দীনের খেলাফ চলতে শুরু করে, আল্লাহর দীনের কল্যাণে লড়াইরতদের বিরুদ্ধে চালাতে হুকুম করে অথবা আল্লাহ এবং তাঁর রাসূলের দুশমনের হেফাজতের জন্য চালাতে বলা হয়, তাহলে এ কথা প্রকাশ্য যে, তলোয়ার চালানোর ফযীলত তো দূরের কথা ঈমান থেকেও হাত ধুয়ে ফেলতে হবে। তাই এমন যুদ্ধে শরীক হওয়ার চেয়ে তরবারী ভেঙ্গে ফেলা-ই উত্তম। এখন এখানে এই প্রশ্ন হবে যে, একজন লোক সেনা বাহিনীর সদস্য। তার উপার্জনের মাধ্যমই হলো গণীমত অথবা নির্ধারিত বেতন। এখন সে খাবে কোথা থেকে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরও জবাব দিয়েছেন। তিনি বলেন, বকরী নিয়ে পাহাড়ে চলে যাও এবং হালাল রিযিক খাও।

আবু বকর রা. বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, যখন দু'জন মুসলমান তরবারী নিয়ে একে অপরের মুকাবেলায় আসবে, তখন নিহত ব্যক্তি এবং হত্যাকারী দু'জনই জাহান্নামে

যাবে। আমি জিজ্ঞেস করলাম, হত্যাকারী জাহান্নামী হওয়ার ব্যাপার তো বুঝে আসলো, কিন্তু নিহত ব্যক্তি কেনো জাহান্নামে যাবে? তিনি বললেন, সে-ও তার মুসলমান ভাইকে কতল করার ইচ্ছা পোষণ করেছিলো।

-বুখারী ও মুসলিম শরীফ।

মোল্লা আলী কারী রহ. মেরকাতে এই হাদীসের ব্যাখ্যায় বলেন, এই হাদীসের উদ্দেশ্য মুসলমানদের সেই যুদ্ধ, যা কোনো চেতনা, ব্যক্তিত্ব এবং মূর্খতার ভিত্তিতে হয়। যেমন, দুই এলাকার মুসলমানের মধ্যে, দুই গোত্রের মধ্যকার যুদ্ধ। সেই যুদ্ধে শরয়ী এমন কোনো উদ্দেশ্য থাকে না, যার কারণে কোনো এক দল শরীয়তের বুলন্দীর জন্য বের হয়। তাছাড়াও এই হাদীসে মুসলমানদের মধ্যকার যে কোনো রকমের যুদ্ধকে গযওয়ায়ে সিফ্‌ফনের সাথে তুলনা করা ঠিক নয়।

-মেরকাত শরীফ।

যদি একদিকে আমেরিকার পক্ষে লড়াইরত ইরাকী সেনা বাহিনী থাকে আর অপর দিকে মুজাহিদ ফি সাবিলিল্লাহ থাকে, তাহলে কি নিহত এবং হত্যাকারী উভয়জনই জাহান্নামে যাবে? (নাউযুবিল্লাহ) এমনি ভাবে তালেবান এবং হামীদ কারজাইয়ের সেনা বাহিনী সামনা সামনি হয়, তাহলেও? কক্ষনো নয়।

সারকথাঃ উল্লেখিত সকল আলোচনার মূলকথা হলো, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে যুদ্ধে কারো পক্ষ অবলম্বন করতে নিষেধ করেছেন, তার উদ্দেশ্য এই যুদ্ধ নয়, যার একদিকে গোটা বিশ্বের কুফরী শক্তি এবং অপরদিকে আল্লাহর দীনের বুলন্দি ও মুসলমানদের জান ও মাল হেফাজতের জন্য লড়াইরত তালেবান মুজাহিদীন। বরং এই যুদ্ধের উদ্দেশ্য হলো, যেটি মোল্লা আলী কারী রহ. বর্ণনা করেছেন। অর্থাৎ দেশত্মবোধ, জাতীয়তা, ভাষাপ্রেম এবং যে কোনো চেতনার ভিত্তিতে অনুষ্ঠিত যুদ্ধ। অর্থাৎ তলোয়ার ভাঙ্গার হুকুম আমেরিকার পক্ষে মুজাহিদদের বিরুদ্ধে লড়াইরতদের জন্য। যদি তাদেরকে মুজাহিদীনের বিরুদ্ধে লড়াই করতে বাধ্য করা হয়, তাহলে তারা অস্ত্র ছেড়ে ঘরে চলে আসবে। যদি ঘরেও বাধ্য করার ভয় হয়, তাহলে এমন কোনো পাহাড়ে চলে যাবে যেখানে কেউ তাকে এই গুনাহের উপর বাধ্য করতে না পারে।

এই একই হুকুম ভারতী সেনা বাহিনীতে কর্মরত মুসলমানদের জন্য। বরং সমস্ত মুসলমানের জন্য এই হুকুম। তারা ইসলামের বুলন্দির জন্য যারা লড়াইরত, তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে না।

অচিরেই এমন ফেতনা হবে যা বধির, বোবা এবং অন্ধ হবে। তার কাছে যে আসবে তাকেই টেনে নিবে। সেসময় যবান খোলাও তলোয়ার চালানোর মতো হবে।

-আবু দাউদ শরীফ; হাদীস নং ৪২৬৪, তিবরানী ফিল আউসাথ; হাদীস নং ৮৭১৭।

ফায়দাঃ মোল্লা আলী কারী রহ. বলেন, সেটি এমন ফেতনা হবে যার মধ্যে হক ও বাতিল চিহ্নিত করা যাবে না। উপদেশ, কল্যাণকামী, সৎকাজের আদেশ এবং অসৎ কাজে নিষেধের কথাও কেউ শোনবে না।

-আউনুল মাবউদ।

এই হাদীসে যে ফেতনার কথা উল্লেখ করা হয়েছে, তাতে যবান হেফাজতের কথা বলা হয়েছে। মোল্লা আলী কারী রহ. এই হাদীসের ব্যাখ্যায় বলেন, সম্ভবত এই যুদ্ধের উদ্দেশ্য হলো আলী রা. এবং মুয়াবিয়া রা. এর মধ্যকার যুদ্ধ। তাতে চুপ থাকার কথা বলা হয়েছে। দু'জনের কাউকেই দোষারোপ করতে বারণ করা হয়েছে। দ্বিতীয় সম্ভাবনা হলো, ফেতনার সময় এমন কোনো কথা বলবে না যার দ্বারা ফেতনা আরো বেড়ে যায়। মোল্লা আলী কারী রহ. দ্বিতীয় সম্ভাবনাকে বেশি উপযুক্ত বলেছেন। আল্লামা তীবি রহ. প্রথমটিকে প্রাধান্য দিয়েছেন।

বর্তমান যামানায় এর অনেক দৃষ্টান্ত রয়েছে। মিডিয়া মানুষকে এমন অন্ধ, বধির এবং বোবা বানিয়েছে যে, মিডিয়া যা বলছে তা ছাড়া কিছু বুঝছেও না শোনছেও না। মিডিয়া সোয়াতের এক বানানো ভিডিও দেখিয়ে লোকদেরকে এমন অন্ধ ও বধির বানিয়েছে যে, অধিকাংশই আল্লাহ তা'আলার নাযিলকৃত ইসলামী শাস্তির বিরুদ্ধে কথা বলছে এবং নিজের ঈমান নষ্ট করছে। তারা সত্য কোনো কথা শুনছিলোও না আবার সত্য বুঝার চেষ্টাও করছিলো না। এর একটি বড় উদাহরণ হলো লাল মসজিদ এবং জামিয়া হাফসার ব্যাপারটা। প্রশাসন ব্যাপারটাকে মানুষের সামনে এমন ভাবে উপস্থাপন করেছে যে, মানুষ অন্ধ, বধির এবং বোবা হয়ে যায়। এই ফেতনায় একটা বিড়াট সংখ্যক লোক হকের বিরোধী হয়ে যায়।

তখন যারা কথা বলছিলো, তাদের কথায় ছিলো নিরাপত্তা এবং হেফাজতকারীর ধোয়া। এমনকি বহু লোকের কথা নিস্পাপ ছাত্রীদের কতলের কারণ হয়েছিলো। তাই ফেতনার সময় যখন মানুষ বাতিলকে হক মনে করে নেয়, সবার যবান হকের বিরুদ্ধে চলে এবং বাতিলকে শক্তিশালী করে, তখন যবান খোলা হাতিয়ার চালানোর মতো। আপনি সেসময়ের কথা স্মরণ করুন, মানুষ কিভাবে অন্ধ, বধির এবং বোবা হয়েছিলো; সবার মুখে কেবল সেসব কথাই ছিলো, যা মুশাররফের দরবার থেকে বয়ান করা হতো। এখনো জিহাদ এবং মুজাহিদদের ব্যাপারে সাধারণ মানুষের যতো প্রশ্ন তার সবগুলো এই দাজ্জাল মিডিয়া তাদের মনে বসিয়েছে। বাস্তবপক্ষেই মানুষকে হেপনাটাইজ অর্থাৎ অন্ধ, বধির এবং বোবা বানিয়েছে। আল্লাহ তা'আলাই ভালো জানেন।

এই আলোচনার দ্বারা এই কথাও স্পষ্ট হয়েগেছে যে, প্রত্যেক ফেতনা অন্যটি থেকে পৃথক। তেমনি ভাবে প্রত্যেকটির চিকিৎসাও তাই হবে যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন। সুতরাং নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছু ফেতনার ব্যাপারে যদিও এ কথা বলেছেন যে, তোমরা ঘরে বসে থাকবে, কারো সঙ্গ দিবে না, নিজের তলোয়ার ভোঁতা করে দিবে এবং ধনুক ভেঙ্গে ফেলবে, কিন্তু এই হাদীস দ্বারা উদ্দেশ্য সেই অবস্থা যেটি মোল্লা আলী কারী রহ. বর্ণনা করেছেন।

বর্তমান যুদ্ধ কি মুসলমানদের আপসে লড়াই?

যদি কেউ উল্লেখিত হাদীসগুলোকে ঢাল হিসেবে ব্যবহার করে বর্তমান যামানায় এমন করতে চায়, তাহলে তা কখনোই সহীহ হবে না। যেমন ইরাকীরা বলবে ইরাকে মুসলমান মুসলমান যুদ্ধ করছে, তাই এটি ফেতনা। সুতরাং ফেতনার সময় কারো সঙ্গ দেয়া যাবে না। আফাগানীরা বলবে তালেবানরাও মুসলমান এবং কারজাই ও তার সেনা বাহিনীও মুসলমান। সুতরাং এটি জিহাদ নয় ফেতনা। এমনটি ভাবা সুস্পষ্ট কুরআন হাদীসের অপব্যাখ্যা। কারণ, কুরআন কাফেরদের পক্ষে লড়াইরতদের ব্যাপারে সেই হুকুমই বর্ণনা করেছেন যেটি কাফেরদের জন্য প্রযোজ্য।

মুহাদ্দিসীন, ফুকাহায়ে কেরাম এমন লোকদের ব্যাপারে খুবই কঠিন শব্দ ব্যবহার করেছেন। বর্তমানে যে যুদ্ধ চলছে, তা ইসলাম এবং কুফরের যুদ্ধ। প্রত্যেক বোধসম্পন্ন ব্যক্তি এ কথা জানেন যে, আমেরিকা এবং তার সাঙ্গপাঙ্গরা মুসলমানদের কাছে কী চায়। সুতরাং এমন সময়ে যদি কোনো মুসলমান একক ভাবে অথবা দলবদ্ধ হয়ে অথবা প্রশাসনিক ভাবে আমেরিকার সঙ্গ দেয় এবং তাদের সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে, তাহলে কি তাকে মুসলমানদের পরস্পরের যুদ্ধ বলবো? কক্ষনো নয়। এসব লোক যদি নিজের মাথার উপর কুরআন নিয়েও ঘুরে, তাহলেও তাদের জন্য সেই হুকমই হবে যা কুরআনে কারীমে বর্ণিত হয়েছে। ইরাকে নূরী মালিকী এবং তার রাফেজী পুলিশ সবক্ষেত্রে প্রথম আমেরিকার হাত হয়েছে। যারা আমেরিকার সাথে মিলে আমেরিকানদের সামনে থেকে মুসলমানদের উপর জুলুমের পাহাড় ভাঙ্গছে। তাদের ব্যাপক ভাবে হত্যা করছে। কালেমা ওয়ালা মা বোনদেরকে পশুত্বের নিশানা বানিয়েছে। নামাযীদের উপর মসজিদের ছাদ ভেঙ্গে দিয়েছে। ধন-সম্পদ লুট করেছে। আরব বিশ্বের হকপন্থী উলামায়ে কেরাম আমেরিকার বিরুদ্ধে জিহাদের ফতোয়া জারি করেছেন। মুজাহিদীন জিহাদ শুরু করেছেন। যেহেতু নুরী মালিকীর সেনা বাহিনী আমেরিকার প্রথম হাত, তাই প্রথম লড়াই তাদের সাথেই হয়। এখন যদি কেউ বলে, এটি মুসলমানদের পারস্পরিক যুদ্ধ, কারো সঙ্গ দেয়া যাবে না, তাহলে এই কথা কিভাবে সঠিক হতে পারে? বরং শরীয়তের দৃষ্টিতে তাদের শাস্তি তো আমেরিকার কাফেরদের চাইতেও কঠিন। একই ব্যাপার আফগানে হামিদ কারজাই এবং তার মুরতাদ মিলিশিয়াদের; যারা আল্লাহর যমীন থেকে আল্লাহর আইন মিটিয়ে দিয়ে দাজ্জালের বাহিনীকে এনে বসিয়েছে। তারপর তালেবানরা আমেরিকার বিরুদ্ধে জিহাদ শুরু করে। এটিকে কি মুসলমানদের পরস্পরের যুদ্ধ বলা হবে? তারা কিভাবে মুসলমান হতে পারে, যারা আল্লাহর দীনের উপর সন্তুষ্ট নয়, আমেরিকার দীনের উপর সন্তুষ্ট এবং কাফেরদের সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে? সুতরাং আমেরিকানদের যে হুকুম তাদেরও একই হুকুম। চাই তারা নামায পড়ুক অথবা লম্বা লম্বা দাড়ি রাখুক। তাদের ব্যাপারে কুরআনে স্পষ্ট আয়াত রয়েছে। এমনি ভাবে যদি

ভারতে কোনো মুসলমান দল, ভারতী সেনা বাহিনীর সাথে মিলে মুজাহিদীনের সাথে যুদ্ধ করে, তাহলে তাদের হুকুমও হিন্দু কাফেরদের মতই হবে। একে মুসলমানদের আপসে যুদ্ধ বলা যাবে না। বরং বলা হবে এক দিকে আহলে হক এবং অপর দিকে ইসলামের দুশমন; কাফের ও তাদের ভাই মুনাফিক; যারা কাফেরদের সাথে যুদ্ধ করছে। এ কথা আকলও মেনে নেয় না যে, মুসলমানদের মধ্যকার সব যুদ্ধকে ফেতনা বলা হবে এবং তলোয়ার ভেঙ্গে দিয়ে একাকিত্ব অবলম্বন করবে। যদি এমনই হতো, তাহলে ইহুদীরা এর দ্বারা সবচেয়ে বেশি ফায়দা উঠাতো। তারা মুসলমানদের মতো নাম রাখতো এবং গোটা ইসলামী বিশ্বের উপর হামলা করে বেছে বেছে মুসলমানদের হত্যা করতো। (নাউযুবিল্লাহ) মক্কা মুকাররামা ও মদীনা মুনাওয়ারায় হামলা করতো এবং এই হাদীসগুলো বড় বড় ব্যানারে লিখে সাথে নিয়ে চলতো। যদি কোনো মুসলমান তাদেরকে বাঁধা দিতো তাহলে তাকে এই হাদীস শুনাতো, 'যখন মুসলমান পরস্পরে যুদ্ধ করে তখন কারো সঙ্গ দিতে নেই'। এভাবে নিজেরা তো মুসলমানদেরকে নিস্তনাবুদ করতো আর তাদের বিরোধীদের এই হাদীস শুনিয়ে বসিয়ে দিতো। বরং এই খেদমততো তাদের পক্ষ থেকে সরকারী উলামা মাশায়েখও আঞ্জাম দিতো।

হক-বাতিল কি স্পষ্ট নয়?

কিছু লোকের বক্তব্য হলো, কোনটা হক কোনটা বাতিল কিছুইতো বুঝে আসছে না। আল্লাহ তা'আলা আমাদের সকলের অন্তরের গোপন কথা জানেন। আমাদের মতো গুনাহগার, যে বুকের ভেতর নেফাকী ভরপুর এক দিল নিয়ে ফিরছে সে-ও এই ব্যাপারে বিন্দু মাত্র সন্দেহ করবে না যে, এই যুদ্ধে আমেরিকা এবং তার নামধারী মুসলিম সাঙ্গপাঙ্গ মুসলমানদের কাছে কী চাচ্ছে? আগামীতে কী করবে? পাকিস্তানের ব্যাপারে তাদের কী চিন্তাধারা? এখানে কোন কোন শ্রেণির লোক এবং বুদ্ধিজীবিরা তাদের সাথে দাঁড়াবে? কারা ব্লাক ওয়াটারের কাতারে দাঁড়াবে এবং কারা পাকিস্তানপ্রেমি আর কারা ইসলামের প্রতিরক্ষার জন্য মাথার

ফসল কেটে রাখবে? করাচী, লাহোর, পেশওয়ার এবং কোয়েটায় মুসলমানদের মহল্লার উপর হামলা করতে আমেরিকার সাথে কে আসবে? কারা নিজের মুসলমান ভাই বোনদের জন্য গলিতে গলিতে রক্তে গোসল করতে, করাতে এবং তড়পাতে তড়পাতে শাহাদাতের পেয়ালা পান করবে? এই যুদ্ধ থেকে সুস্পষ্ট যুদ্ধ আর কবে হবে? যদি এই যুদ্ধেও সন্দেহ থাকে, তাহলে ইমাম মাহদীর সময় কী হবে? যখন সুফিয়ানী সেনাবাহিনী নিজিদেরকে মুসলমান দাবী করবে, এমনকি কোনো সময় তাদের নামে মসজিদে মসজিদে খুতবাও পড়া হবে। নিশ্চয় তাদের সাথে সরকারী উলামা মাশায়েখও হবে। যারা মাথায় কুরআন নিয়ে ফিরবে, সায়্যিদুনা ইমাম মাহদীকে সন্ত্রাসী, ফেতনাবাজ এবং আমীরুল মুমিনীনের বিদ্রোহী বলবে। আরো কতো কিছুই না তারা বলবে।

সকল ফেতনার সর্বোত্তম সমাধান

কুরআন ও হাদীস থেকে এ কথা বুঝে আসে; যে ধরনের ফেতনাই হোক না কেনো, সব ফেতনার সর্বোত্তম সমাধান আল্লাহর রাস্তায় কিতাল করা। কেননা সহীহ হাদীস দ্বারা প্রমাণিত; মুসলামানদের একটা দল হকের জন্য কিয়ামত পর্যন্ত কিতাল করবে।

হাদীস শরীফে বর্ণিত হয়েছে, আমার উম্মতের একটা দল হকের প্রতিরক্ষার জন্য কিতাল করতে থাকবে। যারা তাদের সাথে দুশমনি করবে তারা তাদের উপর বিজয়ী থাকবে। এপর্যন্ত যে, তাদের সর্বশেষ দলটি দাজ্জালের সাথে কিতাল করবে।

-সহীহ সনদে আবু দাউদ শরীফ।

সুতরাং যেমন ফেতনার যুগই হোক, তা থেকে বাঁচার সর্বোত্তম পদ্ধতি হলো কিতাল ফি সাবিলিল্লাহ। এতে ফেতনা থেকে বাঁচার সাথে সাথে (আল্লাহর কাছে) মর্যাদাও বৃদ্ধি হবে। যেটি পাহাড়ে পালায়নকারী থেকে বেশি। এমনকি মানব ইতিহাসের সবচেয়ে বিপদজনক ফেতনা, ফেতনায়ে দাজ্জালের সময়ও সেসব মুজাহিদীন সবচেয়ে উত্তম হবে, যারা কিতালের ময়দানে ব্যস্ত থাকবে।

জিহাদের হুকুম

এজন্যই বর্তমান যুগে কাফেরদের বিরুদ্ধে জিহাদের ঝাণ্ডাকে বুলন্দ করা ঠিক তেমনি ফরজ, যেমন নামায। প্রত্যেককেই এই যুদ্ধে শরীক হতে হবে। চাই নিজে জিহাদে যাক অথবা মাল দিয়ে মুজাহিদীনকে সহযোগীতা করুক অথবা মানুষকে তাদের সহযোগীতার জন্য প্রস্তুত করুক। যে ঘরে বসে থাকবে, সে আল্লাহর কাছে কঠিন গুনাহগার হবে। এ ধরণের মানুষকে পাকিস্তানের আগামী প্রজন্মও ক্ষমা করবে না। কারণ, তারা আমেরিকাকে পাকিস্তানের উপর হামলা করতে দেখেও নিজের দীনের জন্য কিছুই করেনি। হাতে হাত বেঁধে এই অপেক্ষায় ছিলো যে, সরকারী মুফতী অথবা দরবারী উলামা মাশায়েখ জিহাদের ঘোষণা করবে, তারপর তারা গিয়ে জিহাদ করবে।

জিহাদ ছেড়ে অন্য কাজে মশগুল হওয়া

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আমি রহমতের রাসূল, আমি তুমুল লড়াইয়ের নবী। নিশ্চয় আল্লাহ তা'আলা আমাকে জিহাদ দিয়ে পাঠিয়েছেন, ক্ষেত-খামার দিয়ে পাঠাননি।

-আল হুকমুল জাদীরাতু বিল আযাআহ, ইবনে রজব হাম্বলী।

আর ইমাম বাগাভী রহ. তার মু'জাম গ্রন্থে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, নিশ্চয় আল্লাহ তা'আলা আমাকে হেদায়াত এবং দীনে হক দিয়ে পাঠিয়েছেন। আমাকে ক্ষেত-খামার দিয়েও পাঠাননি আবার ব্যবসায়ী কিংবা বাজারে আওয়াজদাতা হিসেবেও পাঠাননি। আর আমার রিযিক রাখা হয়েছে আমার বর্শার ছায়াতলে।

ইবনে রজব হাম্মলী রহ. বলেন, এজন্য আল্লাহ তা'আলা সেসব লোককে তিরস্কার করেছেন, যারা জিহাদ ছেড়ে দিয়েছে এবং দৌলত উপার্জনের লিপ্ত হয়ে গেছে। তাদের ব্যাপারে কুরআনে এই আয়াত নাযিল হয়েছে, 'তোমরা নিজেদেরকে ধ্বংসের মুখে ঠেলে দিয়ো না।' এই আয়াত তাদের ব্যাপারে নাযিল হয়েছে, যারা প্রথমে জিহাদে ছিলো এবং পরবর্তীতে যখন একটু সময় পেয়েছে তখন বলল, নিজের ক্ষেত-

খামারেরও কিছু দেখবাল করে নেই। এ ব্যাপারে সতর্কতা এলো যে, জিহাদ ছেড়ে দেয়া তোমাদের ধ্বংসের কারণ।

-আল হুকমুল জাদীরাতু বিল আযাআহ, ইবনে রজব হাম্বলী।

হাদীস শরীফে বর্ণিত হয়েছে, যখন তোমরা আয়না (এক ধরণের ব্যবসা) ব্যবসা করবে, গাভীর লেজের পিছনে লাগবে এবং জিহাদ ছেড়ে দিবে, তখন আল্লাহ তা'আলা তোমাদের উপর এমন লাঞ্ছনা চাপিয়ে দিবেন, যা আল্লাহ তা'আলা ততদিন পর্যন্ত দূর করবেন না, যতদিন তোমরা তোমাদের দীনে ফিরে আসবে।

-আবু দাউদ শরীফ।

ফায়দাঃ এর উদ্দেশ্য হলো, যখন তোমরা হারাম ব্যবসায় লিপ্ত হবে, জিহাদ ছেড়ে ক্ষেত-খামারে ব্যস্ত হয়ে যাবে, তখন জিহাদ ছাড়ার কারণে কাফেররা তোমাদের উপর বিজয়ী হয়ে যাবে এবং তোমাদের উপর লাঞ্ছনা চেপে বসবে। আর এই লাঞ্ছনা ততদিন পর্যন্ত শেষ হবে না যতদিন পর্যন্ত পুনরায় জিহাদের ফিরে না আসবে।

প্রত্যেক যুগেই এমনটি দেখা যায় যে, কাফেররা মুসলমানদের উপর নির্যাতন করছে। কিন্তু যখনই মুসলমানরা জিহাদের ঝাণ্ডা উচু করে, তখনই আল্লাহ তা'আলার মেহেরবানীতে কাফেরদের মধ্যে ভীতি সঞ্চার হয়। ফলে যে কাফেররা কাল পর্যন্ত মুসলমানদেরকে পোকা-মাকড়ের মতো পিষে মারতো, নিজেদেরকে খোদা মনে করতো, জিহাদের বরকতে আল্লাহ তা'আলা তাদের অহংকারকে মাটিতে মিশিয়ে দেন। অপদস্ত এবং লাঞ্ছিত হয়ে নিজেদের শক্তির জানাযা উঠিয়ে নিয়ে যায়।

মাকহুল রহ. বলেন, (উমর রা. এর যুগে) মুসলমান যখন শামে আসে, তখন কিছু লোক তাদের সাথে 'আল হাওলা' চাষের ব্যাপারে আলোচনা করলো। সুতরাং তারা তা চাষ করলো। এই সংবাদ যখন উমর রা. এর নিকট গেলো, তখন তিনি একজন দূত পাঠালেন। দূত যখন শামে পৌছলো, তখন ফসল পেকে গিয়েছিলো। সেই দূত এসে সব ফসলে আগুন লাগিয়ে দেয়। ওমর রা. তাদের কাছে লিখে পাঠিয়েছিলেন, আল্লাহ তা'আলা এই উম্মতের রিযিক বর্শার হুক এবং তার নীচের অংশে রেখেছেন।

-আল হুকমুল জাদীরাহ বিল আযাআতি ইবনে রজব হাম্বলী রহ.।

ইমাম বায়যাবী রহ. নিজের সনদে বর্ণনা করেন, ওমর রা. লিখে পাঠান- যে ক্ষেত-খামার করলো, গাভীর লেজের পিছনে ছুটলো, তা নিয়েই সে সন্তুষ্ট থাকলো এবং তাকেই পেশা হিসেবে গ্রহণ করলো, আমি তার উপর কর ফিরিয়ে আনবো।

-আল হুকমুল জাদীরাহ বিল আযাআতি ইবনে রজব হাম্বলী রহ.।

কোনো একজনকে জিজ্ঞেস করা হলো, আপনি আপনার সন্তানদের জন্য চাষাবাদ করছেন না কেনো? তিনি উত্তরে বললেন, আল্লাহর কসম! আমরা কিষাণ হয়ে দুনিয়াতে আসিনি। বরং আমরা এসেছি জিহাদের মাধ্যমে কাফের কৃষকদের হত্যা করে তাদের চাষাবাদ থেকে খাওয়ার জন্য।

-আল হুকমুল জাদীরাহ বিল আযাআতি ইবনে রজব হাম্বলী রহ.।

হাফেজ ইবনে রজব হাম্বলী রহ. এসব হাদীস এবং বাণী বর্ণনা করার পর বলেন, মুমিনের পূর্ণ অবস্থা হলো, তার সকল ব্যস্ততাই হবে আল্লাহ আনুগত্য এবং জিহাদ ফী সাবিলিল্লাহ। যে ব্যক্তি আল্লাহর আনুগত্যে মশগুল হয়ে যাবে, তার রিযিকের যিম্মাদারী আল্লাহ তা'আলা নিয়ে নেন। যেমন হাদীসে বর্ণিত হয়েছে, যে ব্যক্তি দুনিয়ার ফিকিরকে নিজের চিন্তা চেতনা বানিয়ে নেয়, আল্লাহ তা'আলা তার সকল কাজ গড়বড় করে দিবেন এবং দারিদ্রতাকে তার চোখের সামনে এনে দিবেন। আর দুনিয়া তো তার ততটুকুই মিলবে, যতটুকু লেখা হয়েছে। আর যার নিয়ত আখেরাত হবে, তার সবকিছুই সহজ করে দিবেন। তার অন্তরে ধনাঢ্যতা সৃষ্টি করে দিবেন। দুনিয়া নিজেই তার নিকট চলে আসবে।

-মুসনাদে আহমদ ও ইবনে মাজাহ শরীফ।

এসব হাদীসের উদ্দেশ্য হলো, মুজাহিদীনের জন্য জিহাদ ছেড়ে ক্ষেত-খামার এবং ব্যবসা বাণিজ্যে মশগুল হওয়া উচিত নয়। কারণ, এতে জিহাদ কমজোর হয়ে যাবে। বাকি থাকে রিযিকের প্রশ্ন। আল্লাহ তা'আলা এই জিহাদের মাধ্যমেই মুজাহিদীনের পবিত্র এবং হালাল রিযিকের ব্যবস্থা করবেন। তেমনি ভাবে সাধারণ মুসলমানদেরও ক্ষেত-খামার এবং ব্যবসা-বাণিজ্যে মশগুল হয়ে জিহাদ থেকে দূরে থাকা উচিত নয়। কারণ, জিহাদ

ছেড়ে দিলে সকল মুসলমানের ক্ষতি হবে। যেমনটি বর্তমানের অবস্থা। মুসলমানদের সকল আসবাব-পত্রের উপর ইহুদী এবং হিন্দুদের দখলদারিত্ব। সকল মুসলিম রাষ্ট্রে জনগণকে নিজেদের সূদী লেনদেনে ডুবিয়ে রেখেছে। মুসলমান দুনিয়ার পিছনে ছুটছে। কিন্তু দুনিয়া হাতে আসছে না। আগত প্রতিটি দিন ব্যবসা-বাণিজ্য এবং চাষাবাদের নতুন নতুন পয়গাম নিয়ে আসছে। এই ধারাবাহিকতা ততদিন পর্যন্ত চলবে যতদিন পর্যন্ত নিজেদের অধিকার আদায়ের জন্য আমেরিকা এবং বিশ্ব সংস্থাগুলোর সাথে জিহাদ না করবে। তারা নিজেদের কথা শক্তি প্রয়োগের মাধ্যমে মানতে বাধ্য করে। সুতরাং আমাদেরকেও জিহাদের শক্তি প্রয়োগের মাধ্যমে নিজেদের দীন, আসবাব-পত্র এবং ইয্যতের প্রতিরক্ষা করতে হবে। আমরা জিহাদ করলে হিন্দু এবং ইহুদীদের সোনা-দানা এবং হীরা জহরতে সজ্জিত মহলগুলো আমাদের কদমে ঢেলে দিবে। তারপর আর কোনো রুই-কাতলা আমাদের আসবাব-পত্রগুলো লুটে পালাতে পাড়বে না। কোনো জর্জ সোরিসও হবে না, যে নিজের পয়সা বের করে নিয়ে যাবে এবং দু'দিনের মধ্যে মুসলিম দেশগুলোর জীবন ব্যবস্থা উলট-পলট করে দিবে। আপনি সেই অবস্থার কথা চিন্তা করুন; যখন বিশ্ব ব্যাংকার 'রক ফেলার্জ', 'রুথ শিলার্ড' ও জি.পি মরগানের মতো ইহুদীদের সমস্ত সম্পদ মুজাহিদীনের মালে গণীমত হবে। গোটা পৃথিবীর সোনা-দানা; যেগুলো এই সূদখোরেরা নিজেদের দখলে রেখেছে, সেগুলো সাধারণ মুসলমানের মধ্যে বিতরণ করা হবে। পক্ষান্তরে জিহাদ ছেড়ে দিলে এমনি হতে থাকবে যে, সর্বোত্তম উম্মতের বাচ্চাদের মুখ থেকে লুকমা কেড়ে নিয়ে সূদখোরদের সূদ আদায় করতে থাকবে এবং সূদ আদায় করতে করতেই দুনিয়া থেকে বিদায় নিবে। ব্যবসায়ী তার মেহনতের উপার্জন তাদেরকে দেয়, কৃষক রক্ত ঘাম ঝরায় কিন্তু নিজের বাচ্চাদের পেটও ভরাতে পারে না।

দ্বিতীয় অধ্যায়
ইসলামী ইতিহাস ও হক পথের মুসাফির

ইসলামী ইতিহাস ও হক পথের মুসাফির-
বিজয়ী থাকার উদ্দেশ্য-
পূর্ববর্তীদের স্মরণ-
হাসান বসরী রহ. : সত্যভাষী এবং সৎসাহসিকতা-
ইমাম আবু হানিফা রহ. এর জানাযা জেল থেকে বের হয়েছে-
ইমাম আহমদ বিন হাম্বল রহ. এর হাত ছিড়ে ফেল-
অতীত আমাদের আয়না-
শায়খ আব্দুল কাদির জিলানী রহ. ও সত্যবাদিতা-
সম্মিলিত সেনাদল এবং ইসলামের সিংহ সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ.-

ইসলামী ইতিহাস ও হক পথের মুসাফির

যুদ্ধ রয়েছে শুরু থেকে আজ পর্যন্ত,
মুহাম্মদী চেরাগের সাথে লাহাবী চক্রান্ত।

ইসলাম এবং মুসলমানদের বিরুদ্ধে ইহুদী চক্রান্ত, নিশ্চয় খুবই বিপদজনক ছিলো। পৃথিবীর অন্য কোনো ধর্ম তাদেরকে এক অংশও বরদাশত করতো না। খ্রিস্টানদেরকেই নেয়া যাক, সেন্ট পৌলের একটিমাত্র স্বপ্নই গোটা খ্রিস্টান জগতকে মূল থেকে উপড়ে ফেলেছিলো। অথচ ইসলামী বিশ্বের বিরুদ্ধে সংঘটিত চক্রান্তসমূহ চূড়ান্ত পর্যায়ের ধ্বংসাত্মক এবং বিধ্বংসী ছিলো। ধাপে ধাপে, পূর্ণ গোপনীয়তার ভারী পর্দার আড়ালে, মিথ্যা ও চক্রান্তের জুব্বা পড়ে, চেহারায় নিস্পাপ হওয়ার কৃত্রিম ছাঁপ ফেলে, দীনে হানিফের অস্তিত্বের উপর ধারাবাহিক আক্রমণ করে আসছে। তাদের বিস্তৃতি এবং গভীরতা এই বিষয়ের উপর লিখিত বড় বড় কিতাব থেকে আন্দাজ করা যেতে পারে। এতে কোনো সন্দেহ নেই যে, ইসলামের দুশমনরা বংশ পরম্পরায় চেষ্টা করে আসছে। নিজেদের শয়তানী মিশনের জন্য দিন-রাত এক করে ফেলেছে। কিন্তু তাদের যিন্দেগী গাদ্দারী, চক্রান্ত, চুক্তি ভঙ্গ এবং ধোঁকাবাজিতে ভরপুর। তাদের কুরবানী ইহুদী বিশ্বকে নিশ্চয় অনেক সফলতা এনে দিয়েছে। কিন্তু নেতৃত্বের দূর্বলতা, চারিত্রিক অধঃপতন এবং শয়তানী মিশন তাদের ইতিহাসকে এতো কলুষিত করেছে যে, এর দূর্গন্ধে গোটা পৃথিবী তাদের ঘৃণা করছে। অথচ তাদের মুকাবেলায় মুহাম্মাদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গোলামগণ চুক্তি-কৃতজ্ঞতা, আমানত-সত্যবাদিতা এবং মানবতার এমন ইতিহাস রচনা করে গেছেন যে, এর উপর শুধু মসলমানই নয় বরং গোটা মানবজাতি গর্ব করতে পারে। তাদের নেতৃত্বের সামর্থ, উন্নত চরিত্র, মানবতার সফলতা ও কামিয়াবীর মিশন তাদের জীবনকে এতো সুগন্ধীময় করেছে যে, অনুভূতিশীলরা আজও তা অনুভব করছে। যেখানেই সফলতা এবং ব্যর্থতা সেখানেই আল্লাহ ওয়ালাগণ শয়তানের বাহিনীর উপর বিজয়ী থাকেন। যদিও সাময়িক সফলতা শয়তানের বাহিনীর অর্জন হচ্ছে, কিন্তু তারা তাদের মূল টার্গেট অর্জনে

ব্যার্থ হবে। এই দীন আপন অবস্থায় বাকী থাকাটাই তা হক ও সত্য হওয়ার প্রমাণ বহন করে। যেহেতু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পর কোনো নবী আসবে না তাই আল্লাহ তা'আলা এই দীনকে আসল অবস্থার উপর বাকী রাখার ব্যবস্থা করেছেন। দুশমনী শক্তিসমূহের আক্রমণ থেকে ইসলামের প্রতিরক্ষার জন্য আল্লাহ তা'আলা কিয়ামত পর্যন্ত জিহাদ ফরজ রাখার ব্যবস্থা করেছেন। সময়ের সাথে সাথে এই দীনের উপর নিপতিত ধূলি-বালি পরিস্কার করে তার চেহারা চমকানোর জন্য ব্যবস্থা করেছেন। প্রত্যেক শতাব্দির শুরুতে একজন মুজাদ্দিদ হবেন, যিনি এই দীনকে শিরক-বেদাত এবং কুপ্রথা-কুসংস্কার থেকে পবিত্র করে সেই অবস্থায় ফিরিয়ে আনবেন, যার উপর নাবিয়ে আখিরুয যামান সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রেখে গেছেন। এই দীনকে সেই আসল অবস্থার উপর বাকি রাখার জন্য প্রত্যেক যুগে এমন একটি জামাত বিদ্যমান থাকবে, যারা এই সত্যের জন্য নিজেদের জান কুরবানী দিতেও কুণ্ঠাবোধ করবে না। হককে বাঁচানোর জন্য তাদের জীবন দিতে হলে জীবন দিবে এবং জীবন দিয়ে মুসলমানদেরকে এই পয়গাম দিবে যে হক কী জিনিস?

হাদীস শরীফে বর্ণিত হয়েছে, জাবের বিন আব্দুল্লাহ রা. বলেন, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি; আমার উম্মতের একটি জামাত হকের জন্য যুদ্ধ করতে থাকবে। তারা কেয়ামত পর্যন্ত বিজয়ী থাকবে। যখন ঈসা বিন মরিয়াম আ. আগমন করবেন, তখন মুসলমানদের আমীর বলবেন, আসুন আমাদের নামাযের ইমামতি করুন। ঈসা বিন মরিয়াম আ. বলবেন, না। তোমরাই একে অপরের ইমামতি কর। এই উম্মতকে আল্লাহ তা'আলা সম্মানিত করেছেন।

-সহীহ মুসলিম শরীফ।

ইমরান বিন হাসীন রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, আমার উম্মতের একটি দল হকের জন্য কিতাল করতে থাকবে। যে তাদের বিরোধীতা করবে তারা তার উপর বিজয়ী হবে। এমনকি তাদের শেষ দলটি দাজ্জালের সাথে কিতাল করবে।

-আবু দাউদ, মুসনাদে আহমদ, মুসতাদরাকে হাকীম; তিনি বলেন এটি ইমাম মুসলিম রহ. এর শর্ত অনুযায়ী সহীহ, ইমাম যাহাবী রহ. তালখীসে এ ব্যাপারে একমত পোষণ করেছেন।

আব্দুল্লাহ বিন উমর রা. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যখন শামবাসী ধ্বংস হয়ে যাবে, তখন আমার উম্মতের মধ্যে কল্যাণ থাকবে না। আমার উম্মতের একটি দল হকের জন্য কিতাল করতে থাকবে। তারা বিজয়ী থাকবে। তারা বিরোধীদেরও পরোয়া করবে না পক্ষপাতিত্বেরও পরোয়া করবে না। এমনকি তারা আল্লাহর পক্ষ থেকে হুকুম (কিয়ামত) আসা পর্যন্ত সেই অবস্থায়ই থাকবে।

-কানযুল উম্মাল; হাদীস নং ৮৩২৩৩, ইবনে আসাকীর।

বিজয়ী থাকার উদ্দেশ্য

এই হাদীসগুলোতে কিয়ামত পর্যন্ত কিতালকারী দলের ব্যাপারে নবুয়াতী যবানে ভবিষ্যতবাণী করে গেছেন, তারা বিরোধীদের উপর বিজয়ী থাকবে। এই বিজয়ী থাকার উদ্দেশ্য কি প্রকাশ্যে বিজয়ী থাকা? নাকি কিতালের মধ্যে বিজয়ী থাকা? না অন্য কিছু?

এই বিজয়ী থাকার উদ্দেশ্য হলো, তারা যেই হকের জন্য কিতাল করবে, সেই হককে সর্বাবস্থায় বাঁচিয়ে রাখা হবে। হতে পারে এতে তাদের প্রকাশ্য বিজয়ও মিলে যাবে। কিন্তু যদি প্রকাশ্যে কিতালের ময়দানে বিজয়ী না হতে পারে বরং সবাই শহীদ হয়ে যায় তাহলেও তারা তাদের দুশমনদের উপর বিজয়ী থাকবে। তারা যেই হকের জন্য দাঁড়িয়েছিলো তাকে হক প্রমাণিত করা হবে। তারা থাকা অবস্থায় তাদের দুশমন বাতিলকে হক হিসেবে প্রমাণ করতে পারবে না। যেমন ভাবে অন্যান্য দীনের সাথে করা হয়েছে। এই পাগলের দল বাতিলের তুফানের সামনে সীনা টান করে দাঁড়িয়ে যাবে এবং তুফানের দিক পাল্টে দিবে। কখনো বেঁচেও যেতে পারে। তবে ডুবে গেলেও বাতিলের তুফানকে হক পর্যন্ত পৌছতে দিবে না। এধরণের পাগলদের ব্যাপারেই কবি বলেছেন,

তীরবাসীকে জিজ্ঞেস করো আমরা কিভাবে সাতার কাটছি
নিজেরা তো ডুবেগেছি কিন্তু তুফানের গতি পাল্টে দিয়েছি।

সুতরাং আপনি দেখে থাকবেন, এই পাগলগুলো ইসলামী ইতিহাসের দিগন্তে ঝলমলে নক্ষত্রের ন্যায় চমকাচ্ছে। এদিকে ডুবেগেলে ওদিকে বের হয়ে আসছে, ওদিকে ডুবেগেলে এদিকে বের হয়ে আসছে। আজও এই ধারা চলমান রয়েছে। এমনই পবিত্র আত্মার কারণে ইসলামী ইতিহাস রোশনি ছড়াচ্ছে, যারা কলিজার খুন ঢেলে এই বরকতময় বৃক্ষের প্রতিপালন করছে। মুসলিম সমাজে মন্দাচার থাকা সত্ত্বেও ইসলামের আসল অবয়ব পরিচ্ছন্ন এবং পবিত্র। একের পর এক হামলা, অভ্যন্তরীন এবং বহিঃআক্রমণ, ইসলামের জুব্বা পরিহিত মুনাফিকদের মুনাফেকী সত্ত্বেও চৌদ্দশত বছর অতিবাহিত হওয়ার পরও পূর্ণিমার চাঁদের ন্যায় ঝলমল করছে।

বড়দের স্মরণ

বর্তমানে যখন দুঃসময়ের শীতলতা হাড় পর্যন্ত পৌছছে, মাসলাহাতের কেবল চাদরই নয়, কম্বল উড়ানো সত্ত্বেও দেহে কম্পন অনুভূত হচ্ছে, আগত সমীরণের প্রত্যেক ধমকা শিরা উপশিরায় বহমান খুনের প্রবাহকে ধীর করেদিচ্ছে, আশেপাশের মানুষ, পরিবেশ অপরিচিত লাগছে, কোনো মানুষজনের আওয়াজই শুনা যাচ্ছে না, কখনো নিজের আওয়াজ এলেও পরতে পরতে মাসলাহাতের চাদরে আবৃত থাকায় বিষয়বস্তু বুঝা মুশকিল হচ্ছে...... এমতাবস্থায় মন চাচ্ছে অন্তরগুলোকে বড়দের স্মরণের মাধ্যমে উত্তপ্ত করি। অতীতের স্বল্প স্মরণে আল্লাহ না করুন আবার যেনো উত্তপ্ত করতে গিয়ে জমে না যায়। আজ সেসব পবিত্র আত্মার আলোচনা হয়ে যাক, যারা আঁধার রাতে নিজেদের চাহিদা, আশা, আকাঙ্খা এবং স্বপ্নের মশাল জ্বালিয়ে কাফেলায়ে মুহাম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পথ প্রদর্শন করছে। আঁধার ঘোরতর হচ্ছে, মশাল টিম টিম করে জ্বলছে, তারা নিজের খুন তাতে ঢালতে শুরু করেছেন। তার আলোকে নিবে যেতে দেননি। ফোটা ফোটা খুন তাতে নিংড়িয়ে দিচ্ছেন। শেষ পর্যন্ত কলিজার খুনটুকুনও সেই মশালে কুরবান করে গিয়েছেন। সেসব অমর ব্যক্তিত্বের স্মরণ করবো, যাদের আলোচনা দীলওয়ালাদের দুনিয়ায় উদ্যমতা সৃষ্টি

করে। হতে পারে আজ পুণরায় তাদের আলোকিত ইতিহাস পড়ে সেই পুখতা এরাদার পথে কদম রাখবে। যেসব লোক ভয়ে ভয়ে, চুপি চুপি, ছোট ছোট নিঃশ্বাস নিয়ে বেঁচে আছেন, তাদের মনে পড়ে যাবে বড়রা কিভাবে যিন্দেগী যাপন করেছেন। বাতিলের সাথে কেমন আচরণ করেছেন। এই আলোচনা তাদের জন্যও যারা এই পুখতা এরাদার পথে পা রেখেছেন, কিন্তু পিছনে ফিরে দেখছেন গোটা উম্মত একদিকে দাঁড়ানো আর আপনি অন্য দিকে। তাদের অন্তর শক্তিশালী হবে। হক পথের মুসাফিরদের জানা হবে, পুখতা এরাদার পথের পথিকদের ইতিহাস কেমন উজ্জ্বল, ঘোর আঁধারও আলোকিত হওয়ার জন্য তাদের থেকে আলো ধার নিতে চায়। গোলামদের জন্য আযাদীর সবক এই মকতবেই পাওয়া যায়। আর আযাদীপ্রিয়দের মাথা না ঝুকানোর দিল এসব পবিত্র আত্মা থেকেই মিলে। এসব বুযুর্গ অমর ব্যক্তিত্ব মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মুজেযার অন্তর্ভূক্ত। যারা একেক সময় একা-ই দুনিয়ার তামাম শয়তানী শক্তির মুকাবেলা করেছেন। দীনে হানিফকে এমন অবস্থায় প্রতিষ্ঠিত করেছেন, যে অবস্থায় নবীয়ে আখিরুয যামান আপন উম্মতকে রেখে গেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাতিগণ বাতিলের সামনে মাথা না ঝুকানোর এমন কিছু নিয়ম নীতি রেখে গেছেন, রাসূলের প্রেমিকরা কখনো এই ব্যাপারে আকল ও যুক্তির কথার প্রতি ভ্রুক্ষেপই করবে না। যার ফলে কাউকে শুধু একটি ফেকহী মাসআলার জন্য চাবুকের প্রহারের নীচে রাখা হয়েছে। কেউ কেউ বর্তমানের প্রশাসকদের বিরুদ্ধে দন্ডায়মানদের সহযোগীতা করে জেল-জুলুমের নির্যাতনকে নিজের জন্য পছন্দ করে নিয়েছেন এবং বন্দীদশায় থেকেই জান্নাতের নাজ নেয়ামতের দিকে উড়ে গেছেন। কাউকে উম্মতের আকীদার হেফাজতের জন্য গায়ের চামড়া তোলা হয়েছে। কেউ কেউ খিঞ্জিরের ঠোটের দিকে নাচতে নাচতে উপরের দিকে উড়ে গেছেন। কেউ অঙ্গার হয়েছেন, কেউ উত্তপ্ত শলায় বিদ্ধ হয়েছেন, কেউ লোহা এবং তামার খোলে জীবিত সেলাই হয়েছেন। কেউ শহর ছেড়ে পাহাড়, নদী নালা এবং মরুভূমিকে নিজের খুনে রঙ্গীন করেছেন। এক শায়খ নিজের সকল মুরীদ এবং সবকিছু নিয়ে দুনিয়ার সেই শক্তির সামনে দাঁড়িয়েছেন, যার রাজত্বে সূর্য অস্ত যায় না। মুরীদগণও

কেমন? যাদের ছাড়া এই উপমহাদেশ এলেমের ক্ষেত্রে এতিম থেকে যেতো। মাদরাসা এবং খানকা থেকে উঠে ময়দানে জিহাদে বের হয়ে আকস্মিক গর্জে উঠেন। আকাশের বাতাস বন্ধ হয়ে আসে। বিশ্ব স্থির হয়ে যায়। যদি এই বাহিনী শহীদ হয়ে যায়, তাহলে এই উপমহাদেশে কারা দীন শিখাবে? তাফসীর, হাদীস, ফেকাহ এবং ফতোয়া কে শিখাবে? কেউ একজন মেহমানের জন্য মুকুট, রাজত্ব, বাদশাহীকে লাথি মেরে প্রাণহীন পাহাড়ের অবলতাকে প্রাধান্য দিয়েছেন। কেউ রাজপুতের যিন্দেগী ছেড়ে দারিদ্রতা বেছে নিয়েছেন। এসব পবিত্র আত্মার দল এবং কারবালার ময়দানের দল পৃথক। কিন্তু একটি ব্যাপারে তারা এক। আর তা হলো, হক বলতে এবং হকের উপর আমল করতে কারো ভয়ের পরোয়া না করা। বতিলকে বাতিল বলতে কোনো মাসলাহাতকে কাছে ভীড়তে না দেয়া। নিজের চাওয়া পাওয়া চাই দীনী হোক অথবা দুনিয়াবী হোক, তার উপর আল্লাহর সন্তুষ্টিকে প্রাধান্য দেয়া। আল্লাহর সন্তুষ্টি যখন সারা রাত হাদীস পড়ানোতে থাকতো, তখন চোখ বন্ধ করা ছাড়া ক্বালাল্লাহু এবং ক্বালাররাসূল বলে ইবলিস ও শয়তানের অন্তরে আঘাত করতে থাকতো। যখন আল্লাহর সন্তুষ্টি পড়ানো ছেড়ে জেল জুলুমের কষ্ট সহ্য করার মধ্যে, বিষ পান করার মধ্যে অথবা ঘরের দরজায় চুমা দেয়ার মধ্যে তখন আগে বেড়ে সেই সন্তুষ্টি অর্জনে লিপ্ত হতেন। ফেকাহ পড়াতে থাকেন, কুরআন-হাদীস থেকে মাসআলা বের করতে থাকেন, কিন্তু এই ফেকাহকে কেবল কিতাবের মধ্যে সীমাবদ্ধ রাখেননি বরং দেহের চামড়া বিসর্জনের বিনিময়ে সেসব মাসায়েলের উপর আমল করার পদ্ধতি নিজের অনুসারীদের বুঝিয়ে গিয়েছেন। আল্লাহ ওয়ালা ছিলেন, আল্লাহর বান্দাগণ আসা যাওয়া করতো। বিরান অন্তরসমূহে আল্লাহ যিকির দ্বারা আবাদ করতেন। অন্তরের কুঠরীগুলোতে লুকিয়ে থাকা দুনিয়ার মহব্বত এভাবে আচড়ে বের করতেন যে, বান্দা আখেরাতের চিন্তার মধ্যেই ডুবে থাকতো। বক্ষসমূহকে গায়রুল্লার মহব্বত থেকে পবিত্র করে তাতে তাওহীদের আমানত ভরে দিতেন। যার ফলে বান্দা কেবল তার প্রতিপালকের জন্যই হতে থাকে। মহব্বতের সাগরে মাহবুবে হাকিকীর (আল্লাহ তা'আলা) সাক্ষাৎ লাভের আশা এমন ভাবে উছলাতে থাকে যে, মিলনের আকাঙ্খায় প্রিয়ের

দুশমনদের কাতার ভাঙ্গতেই থাকে। সেসব খানকাগুলোতে বসবাসকারীদের বীরত্ব এবং বাহাদুরী এমন পর্যায়ের হতো, সমকালিন প্রশাসকগণ অনুগত হয়ে যেতো। প্রশাসকদেরকে কল্যাণের আদেশ এবং অকল্যাণ থেকে বাঁচাতে কখনো মাসলাহাতকে হেকমতের চাদর হিসেবে ব্যবহার করতেন না। বরং অমুখাপেক্ষী ভঙ্গিতে হক কথা বলে যেতেন।

এখানে তুফান থেমে যায়, পর্বত দেবে যায়
ফকীরি কুঠিরের সামনে শাহী বালাখানা ঝুকে যায়।

পুখতা এরাদার পথিকের আলোচনা এখানে এজন্যও উপযোগী যে, ইমাম মাহদীর বন্ধু সেসব সাহসী নওজোয়ানই হতে পারবে, যারা পুখতা এরাদার কাটাঘেরা ও বরফের রাস্তার পথিক হবে। দীনে হকের জন্য তারা নিজ নিজ অবস্থানে থেকে জ্বলন্ত অঙ্গারের উপর চলে হলেও দীনের হক আদায় করবে। ইমাম মাহদীকে পাওয়ার জন্য এবং কাফেলায়ে হকের সাথে শামিল হওয়ার আকাঙ্খায় অজানা খুনের দরিয়া এবং অশ্রুর সমূদ্র পাড়ি দিবে।

বড়দের ইতিহাস পড়ুন এবং আপনার বর্তমান যামানার প্রতি লক্ষ্য করুন। ফেতনা, চক্রান্ত এবং দুশমনদের আক্রমণের কঠোরতা দেখুন। বড় বড় স্তম্ব ভিত্তিসহ উড়ে যায়। সাধারণ মশালের কী অবস্থা? এবারের তুফানে আলোর সুউচ্চ মিনারকেও বয়োবৃদ্ধ টিমটিম চেরাগের মতো মনে হচ্ছে। অনাড়ি অনভিজ্ঞ মাঝির কথা কী বলব? বিশ্ব ভ্রমনকারী, দুনিয়া জুড়ে অভিজ্ঞতা সম্পন্ন মাঝিও দাঁড়-বৈঠা ছেড়ে তুফান থামার অপেক্ষা করছে। এমন সময় কিছু পাগল আছে, যারা পণ করেছে; এই তুফানের বুকের উপর সওয়ার হয়ে মনযিলে পৌছে যাবে। যারা এই কথাকে রপ্ত করেছে, নবুওয়াতের মশাল পর্যন্ত কোনো অবাধ্য তুফানকে পৌছতে দিবে না। তাদের অন্তরে এই এরাদা বসিয়ে নিয়েছে; বাতিলের উছলে উঠা তুফানের সাথে লড়ে গতি পরিবর্তন করে দিবে, যদিও নিজেরা ডুবে যায়। আহলে হকের কাফেলার এই আল্লাহওয়ালাগণ ইসলামের মশালের হেফাজতের জন্য রাতভর তার আলোকে তাদের আহ! এবং ডুকরে উঠা কান্না দিয়ে প্রজ্জ্বলিত করছেন। আঁধার যখন বাড়তে থাকে, অন্ধকার যখন গাড় হতে থাকে তখন তারা তাদের চাওয়া-পাওয়া তাতে বিসর্জন দিয়ে

তার আলো বাড়াতে থাকেন। আজ উম্মতের অভিধানে আত্মমর্যদাবোধ, লজ্জা, সত্যবাদিতা, কৃতজ্ঞতা, অন্যের হককে প্রাধান্য দেয়া এবং ত্যাগ, শব্দগুলো তাদের কারণেই বাকি আছে। এসবকিছু অল্প বয়সের, নাকি যৌবন কালের, নাকি পরন্ত যৌবনের? কার জন্য? সবাই ভিন্ন ভিন্ন ভূখণ্ড থেকে এসেছেন। না তাদের এলাকা এক, না ভাষা। শুধুই আল্লাহর দীনের বিজয়ের জন্য। এই উম্মতের মৃয়মান সম্মানকে ফিরিয়ে দেয়ার জন্য। ইসলামের দুশমনদের থেকে মুসলমানদের প্রতিরক্ষার জন্য। এজন্য আমাদের ভাবতে হবে, তাদের ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গি কী? আমাদের ভাবতে হবে, এখন পর্যন্ত আমরা তাদের সাথে আছি নাকি তাদের দুশমনের সাথে? তাদেরকে খুশী করেছি নাকি তাদেরকে যখমী-ই করছি? আমাদের উচিত অতীত হয়ে যাওয়া পবিত্র আত্মাগুলোর ন্যায় অন্তরে তাদের সম্মান জন্মানো। আঁধারের সমুদ্রে ডুবে যাওয়ার পরিবর্তে তাদের কাছে আলো ধার চাওয়া। সাহস যখন দেয়া হয়েছে, তখন তাদের থেকে দিল ধার নেয়া। অসওয়াসা, সন্দেহ, ধারণা এবং অবিশ্বাস এসে বেষ্টন করেছে? তাহলে নিশ্চিত বিশ্বাস, দৃশ্যমান ঈমান অর্জন করে নাও। যদি শক্তি ক্ষয় হয়ে থাকে, পণ শেষ হয়ে থাকে, তাহলে সেসব সীনার সাথে সীনা মিলিয়ে নাও, যাতে দৃঢ় পণ, বিরামহীন ত্যাগ, গর্জন ও চমকানো বিজলী ভরা রয়েছে।

হাসান বসরী রহ. : সত্যবাদিতা এবং বিদ্রোহী

এসো সত্যবাদী বিদ্রোহী নওজোয়ান
আল্লাহর সিংহরা মাথা নাহি নোয়ান।

হাসান বসরী রহ. ২১ হিজরীতে জন্ম গ্রহণ করেন। তাঁর মাতা ছিলেন উম্মুল মুমিনীন উম্মে সালমা রা. এর বাদি। সুতরাং যখনই তাঁর আম্মা কোনো কাজে ঘরের বাহিরে যেতেন উম্মুল মুমিনীন তাঁকে কোলে নিয়ে দোলাতেন। নিজের স্তনও পান করাতেন। কখনো কখনো এমনও হতো; তিনি তাঁকে বাহিরে সাহাবায়ে কেরামের নিকট পাঠিয়ে দিতেন। সাহাবায়ে কেরাম তাঁকে কোলে নিতেন এবং তাঁর জন্য দু'আ করতেন।

একবার উম্মে সালমা রা. তাঁকে ওমর রা. এর নিকট পাঠিয়ে দিলেন। ওমর রা. তাঁকে কোলে নিয়ে এই দু'আ করেন, হে আল্লাহ! তাঁকে দীনের গভীর বুঝ দান কর এবং মানুষের কাছে প্রিয় কর।

-সিয়ারে আ'লামুন নুবালা ৪/৫৬৫।

আল্লাহ তা'আলা হাসান বসরী রহ.কে ইলমের খাযানা, স্পষ্টভাষী, বাগ্মিতা, সত্যবাদিতা, বিদ্রোহী এবং দীনের সঠিক বুঝ দান করেছিলেন। এটি সাহাবায়ে কেরামের দু'আ এবং উম্মুল মুমিনীন রা. এর লালন পালনের বরকত ছিলো। তিনি সমাজে জন্ম নেয়া মন্দাচারী অনুভব করলেন। নেফাক; যা মুসলিম সমাজকে ঘুণের ন্যায় কুড়ে কুড়ে খাচ্ছে, তা তিনি স্পষ্ট ভাষায় বর্ণনা করলেন। তিনি নিজের ওয়াজের মাধ্যমে মুনাফিকদের উপর অবিরত আক্রমণ করতে এবং সত্য বলতে কোনো ভয় ভীতিকে আমলে নিতেন না। হাজ্জাজ বিন ইউসুফের মতো নির্দয় লোকের সামনে কোনো প্রকার ভয় ভীতি ছাড়া সত্য কথা বলতেন। একবার তিনি বলেন, এই উম্মতের উপর আল্লাহ তা'আলার শান কেমন, কিভাবে একজন মুনাফিক তাদের উপর এসে গেলো? সে একজন বড় মাপের স্বার্থপর। তৎকালিন মানুষজনের অবস্থা এবং সাহাবায়ে কেরামের রা. আলোচনা করতে গিয়ে বলেন, হায় আফসোস! মানব জাতিকে আশা-আকাঙ্খা এবং ব্যক্তিস্বার্থ ধ্বংস করেছে। কথায় রয়েছে, কাজের কোনো নাম গন্ধও নেই। ইলম আছে, কিন্তু তার বাস্তবায়নে ধৈর্য নেই। ঈমান আছে, কিন্তু একীন থেকে বিলকুল খালি। মানুষ অনেক আছে, কিন্তু মানবতা নেই। আগমন এবং প্রস্তানকারীদের আওয়াজ খুব শোনা যায়, কিন্তু আল্লাহর এমন একজন বান্দা চোখে পড়ে না, যার সাথে দিল লাগানো যেতে পারে। মানুষ প্রবেশ করলো এবং বের হয়ে গেলো। তারা সবকিছু জানলো কিন্তু তারপরও ধোঁকা খেলো। তারা প্রথমে হারাম করলো, তারপর তাকেই হালাল করে নিলো। তোমাদের দীন কী? কেবলই যবানের ফুটানী। যদি জিজ্ঞেস করা হয়, তোমরা কি কিয়ামতের হিসাব নিকাশকে বিশ্বাস কর? তাহলে উত্তর আসে হ্যাঁ হ্যাঁ।

যামানা আজ আরো একজন হাসান বসরীর অপেক্ষায়। যিনি মুনাফিক এবং তাদের ভিতরে লুকায়িত নেফাকীর খবর নিতে পারবেন। হেরেম

শরীফে তওয়াফ করে। বায়তুল্লাহর ভিতরে প্রবেশ করে। সাচ্চা পাক্কা মুসলমান হওয়ার দাবী করে। কিন্তু নেফাকে ভরপুর অন্তরসমূহকে কেউ বলতে পারবে, হে মুনাফিকের দল! তোমাদের নেফাক তোমাদের আমলের উপর বিজয়ী। যদিও তোমরা সারা জীবন বায়তুল্লাহর গিলাফের সাথে লেপটে থাকো। তোমরা আল্লাহ এবং তার রাসূলকে ছেড়ে তাদের দুশমনদের সাহায্য করছো।

ইমাম আবু হানিফা রহ.

(৮০-১৫০হিজরী/৬৯৯-৭৬৭ঈসায়ী)

তোমরা কে? অথচ তারা ছিলো পিতা তোমাদের,
হাতে হাত রেখে অপেক্ষমান কিয়ামতের?

ইমাম আবু হানিফা রহ. ৮০ হিজরীতে কুফায় জন্ম গ্রহণ করেন। সেখানেই তিনি শিক্ষা লাভ করেন। আল্লাহ তা'আলা তাঁকে সাহাবায়ে কেরামের সাক্ষাত লাভের মর্যাদা দান করেন। তাঁদের মধ্যে আনাস বিন মালেক, আব্দুল্লাহ বিন আবি আউফা, সাহল বিন সাআদ আস সা-ঈদি, আবু তোফাইল এবং আমের বিন ওয়ায়েলাহ রা.ও ছিলেন।

ইমাম শাফেয়ী রহ. এর একটি কবিতা-

আবারো আলোচনা কর নু'মানের
তার আলোচনা মেশক আমাদের,
মেশকে আম্বর যতবার নাড়বে
ততো বেশি ঘ্রাণ ছড়াবে।

ইলমী মর্যাদাঃ

সুফিয়ান ছাওরী রহ. এবং আব্দুল্লাহ বিন মুবারক রহ. এর বাণী, আবু হানিফা তার যুগে গোটা পৃথিবীর শ্রেষ্ঠ ফেকাহবিদ ছিলেন।

হাফেজ যাহাবী রহ. ইমাম আবু হানিফা রহ. গুণকীর্তন করতে গিয়ে লেখেন, যতদূর ফেকাহ, সমসাময়িক সিদ্ধান্ত এবং তার সূক্ষ্মতার সম্পর্ক রয়েছে, তা তার পর্যন্তই শেষ হয়েছে। আর মানুষ এ ব্যাপারে তার পরিবারভূক্ত।

তিনি আরো লেখেন, হাফস বিন গিয়াস বলেন, আবু হানিফার কথা চুলের চেয়ে সূক্ষ্ম। জাহেল ছাড়া কেউ তাতে ভুল ধরতে পারে না।

-সিয়ারু আ'লামিন নুবালা।

জারীর রহ. বলেন, আমাকে মুগীরা বলেছেন, আবু হানিফার মজলিসে বসো ফকীহ হয়ে যাবে। যদি ইবরাহীম জীবিত থাকতেন তাহলে তিনিও তার মজলিসে বসতেন।

-সিয়ারু আ'লামিন নুবালা।

তাকওয়াঃ-

বর্ণিত আছে, তিনি সাত হাজার বার কুরআন খতম করেছেন। প্রতি রাতে একবার কুরআন খতম করতেন। চল্লিশ বছর পর্যন্ত এশার অজু দিয়ে ফজর নামাজ পড়েছেন। খতীবে বাগদাদী রহ. নিজের সনদে বর্ণনা করেন, ইমাম সাহেব রহ. রাতে নফল পড়তেন। প্রতি রাতে একবার কুরআন খতম করতেন। তিনি এতো কান্না করতেন যে, তার উপর প্রতিবেশীদের দয়া হতো। তার মৃত্যু এমন স্থানে হয়েছে, যেখানে তিনি সত্তর হাজার বার কুরআন খতম করেছেন। জানাযাতে এতো ভীড় হয়েছিলো যে, ছয় বার জানাযা পড়া হয়েছিলো।

-আল বিদায়া ওয়ান নিহায়া।

হাফেজ যাহাবী রহ. সাক্ষি দেন, তিনি দয়ালু দানশীল, পবিত্র আল্লাহওয়ালা, তাহাজ্জুদগুজার, অধিক তেলাওয়াত এবং কিয়ামুল লাইলে উল্লেখযোগ্য ছিলেন।

-তারীখুল ইসলাম লিয যাহাবী ৯/৩০৬।

সবশেষে ইমাম যাহাবী রহ. লেখেন, আবু হানিফা রা. এর অবস্থা এবং মর্যাদা এই ইতিহাস বহন করতে অক্ষম।

ইমাম আবু হানিফা রহ. এর ইলমী অবস্থান, তাকওয়া পরহেযগারী, সন্দেহযুক্ত বিষয় থেকে বেঁচে থাকার উপমা তিনি নিজেই। এই ঘটনা থেকে তাঁর সতর্কতার অনুমান করা যায়,

একবার কুফাতে এক মহিলার বকরী গুম হয়ে যায়। এর কোনো খোঁজ খবর পাওয়া যাচ্ছিলো না। তাই তিনি ততদিন পর্যন্ত বকরীর গোশত খাননি যতদিন এই বকরীর কোনো খোঁজ পাওয়া যায়নি যে, বকরী মারা

জিহাদ থেকে নিয়ে তালেবান পর্যন্ত, কাশ্মির জিহাদের শুরু থেকে নিয়ে আজ পর্যন্ত এমন কোন্ চিন্তাবিদ আছে, যে পাকিস্তানের প্রতিরক্ষার জন্য ধারাবাহিক কুরবানি দিয়ে আসছে। মুশাররফ প্রত্যেকটি ময়দানে পাকিস্তানের ক্ষতি করেছে। সেই চিন্তার ময়দানেও, যেখানে সে সেই লোকদেরকে উপরে আনতে চেয়েছে যাদের কোনো নির্দিষ্ট চেতনাও নেই কোনো টার্গেটও নেই। যেখানে পয়সা পাওয়া যাবে তারা সেখানের শ্লোগানই দিতে থাকে। নিকট ভবিষ্যতও এই বাস্তবতাকে প্রকাশ করে দিবে যে, ভারতী এবং আমেরিকান হামলাকারীদের সামনে সারহাদের কবীলা, আযাদ কাস্মীর, গিলগিট, শিয়ালকোট থেকে ভাওয়াল নগর, ভাওয়াল নগর থেকে করাচী পর্যন্ত পাকিস্তানের মুসলমানদের হেফাজতের জন্য কোন অফাদার কুরবানী দিবে। কিন্তু বুদ্ধিমানের কাজ এটাই যে, সে সময় আসার আগেই দোস্ত এবং দুশমন চিনে নিন। এমন যেন না হয়, কাল দৃষ্টি বিনিময়ের সাহসও না থাকে। মিডিয়াতে ভারতী এবং ইহুদী দালালরা যদিও জনগণকে অন্ধ এবং বধির বানিয়ে রেখেছে, কিন্তু আপনি বাস্তবতা জানেন, ভারত থেকে কারা পয়সা পাচ্ছে, 'র' (ভারতীয় গোয়েন্দা বিভাগ) এবং সি.বি.আই এর গোপন অফিসাররা করাচী এবং লাহোরে কার মেহমান হয়। দুবাই এবং লন্ডনে কার বাচ্চার ফী এবং পরিবারের শপিংয়ের খরচ সেখানকার ভারতীয় দূতাবাস বহন করে, শুধু এই চুক্তির বিনিময়ে যে, এসব গাদ্দাররা নিজেদের সেনাবাহিনীর রোখ ভারত থেকে ফিরিয়ে পাকিস্তানপন্থী মুহাফিজদের (দেশপ্রেমিক পাহারাদার) দিকে ফিরিয়ে দিয়েছে এবং ভারতের সাথে বন্ধুত্বের রশি বাড়িয়ে দিতে সফল হয়েছে। আপনি জানেন, যাদেরকে আপনি ভারতের এজেন্ট বলছেন তাদের অন্তরে ভারতের ঘৃণা এমন ভাবে কানায় কানায় ভরপুর যে, জিহাদ ছেড়ে ঘরে বসে থাকতে রাজি হবে, খিদায় তড়পাতে তড়পাতে জান দিয়ে দিবে, কিন্তু পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সাথে হাত মিলাবে না। এটি তাদের জন্য অসম্ভব বিষয়গুলির অন্তর্ভূক্ত। হতে পারে ভারতীয় এজেন্সিগুলো এমন চেষ্টা করছে, কিন্তু ভারতকে এর বাস্তব জবাব আফগানিস্তানে দিয়ে দেয়া হচ্ছে। আফগানিস্তানে ভারতীয় সেনাবাহিনী এবং তাদের অবস্থানগুলো উপর যে আঘাতগুলো হানা হচ্ছে আপনি

জানেন তারা সেসব পাগল, যাদের শিরায় শিরায় ভারতের ঘৃণা মিশে আছে। ভারতের জন্য এটাই তাদের কার্যকরী জবাব। এসব তো এমন কথা, যেগুলো প্রত্যেক সচেতন পাকিস্তানী জানে। কিন্তু সেসব অন্ধ, বধির এবং বোবাকারী ফেতনা সবাইকে যাদুগ্রস্ত করে রেখেছে। একই কারণে এখন কাশ্মিরের মুজাহিদদের ব্যাপারেও সেই দৃষ্টিভঙ্গি তৈরি করা হচ্ছে, যা ভারতীয় লবি চাচ্ছে। দুশমন হলো ভারত, সেনাবাহিনীকে এদিকে ফেরত আনতে হবে। ভারতের হাত আমাদের গলা পর্যন্ত এসেছে। যদি বিলম্ব করা হয়, তাহলে ব্রাক্ষনদের আঙ্গুল আমাদের শাহরগের উপর মজবুত হতে থাকবে। পাকিস্তানে ভারতের নিমকখুররা এই প্রভাব বিস্তার করবে যে, পন্ডিতজি আমাদের গলা চেপে ধরছে না বরং সারেঙ্গী এবং গীটারের উপর আঙ্গুলী কাঁপছে, যাতে নিরাপত্তার পরিবেশে সুরেলা সারগাম এবং মধুর মিউজিক ছড়িয়ে পড়ে। পাকিস্তানে অবস্থিত এই শ্রেণির খাহেশ হলো সীমান্ত রেখাকে ভুল হরফের মত মিটিয়ে দিয়ে পাকিস্তানের মুসলমানদেরকে গঙ্গা যমুনার কার্লচারে এক ডুব দেয়া হোক, যাতে ভারতের মত এখানকার পাড়ায় পাড়ায়, গ্রামে গ্রামে ‘বন্দে মাতারাম’ এর না‘রা লাগিয়ে চিৎকার করতে থাকে। আমেরিকা এবং ভারতের চেষ্টা হলো, পাকিস্তানের সেনা বাহিনী কবিলাগুলো নিয়েই ব্যস্ত থাকুক। অথচ পাকিস্তানের জন্য জরুরী হলো, এই সেনাবাহিনীকে কবিলাগুলো থেকে বের করে পূর্বদিকের সীমান্তে নিযুক্ত করা। মিডিয়ার শোরগোলের প্রতি ভ্রুক্ষেপ না করা উচিত। মিডিয়ার শয়তানীর কারণেই আজ পাকিস্তানী সেনাবহিনী কবিলাগুলোতে ব্যস্ত। মিডিয়া কবিলাগুলোর অবস্থাকে কঠিন আকারে পেশ করছে। মনে হচ্ছে তালেবান একটু পরই ইসলামাবাদ দখল করে নিবে। তারা যে কোনো মূল্যে চাচ্ছে সেনাবহিনী কবিলাগুলোতেই ব্যস্ত থাকুক, যাতে ভারত ও আমেরিকার জন্য পকিস্তানকে লুকমা বানাতে সহজ হয়। সত্যিকারার্থে পকিস্তানের প্রতি সদয় এমন কোনো ব্যক্তি এ কথা সমর্থন করতে পারে না যে, সেনাবহিনী নিজেদের লোকের সাথে জড়িয়ে থাকুক। যতলোক এই অপারেশনকে সমর্থন করছে, তাদের সকলেই সেই লোক, যারা কাল পর্যন্ত পাকিস্তানের সেনাবাহিনীর অস্তিত্ব মিটিয়ে দেয়ার কথা বলতো। এখন তাদের এই আকাঙ্খা পুরা হতে দেখা

যাচ্ছে। তাদের দুই দুশমন মুজাহিদীন এবং সেনাবাহিনী একে অপরের সাথে লড়ছে। উভয় অবস্থাতেই তাদের আনন্দই আনন্দ মিলছে। সেনাবাহিনীর সমর্থনে বের হওয়া র‍্যালি মূলত সেনাবহিনীর সমর্থনে নয় বরং এই র‍্যালি তাদের সেই আনন্দের জন্য যে, তাদের স্বপ্ন বাস্তবায়ন হচ্ছে। সেনাবাহিনীকে মুজাহিদীনের সাথে লাগিয়ে দেয়া হয়েছে। এই র‍্যালি তাদের অন্তরে লুকানো সেই আনন্দেরই বহিপ্রকাশ। এই অপারেশনকে সমর্থনকারীদের কিছু এমন লোক, যাদের জন্য সরাসরি ভারতী লবি বড় বড় ফান্ড চালু করে রেখেছে। আমেরিকা এবং বৃটেনে বাড়ি, ইসলামাবাদ এবং অন্যান্য বড় বড় শহরে প্লট, মাসিক বেতন, সরকারী খরচে ফাইভ স্টার হোটেলগুলোতে উলামা মাশায়েখদের কনফারেন্স, এসবকিছু একটি আওয়াজই দিচ্ছে যে, আমেরিকা খুশি হয়ে যাক আর পাকিস্তানের অস্তিত্বের উপর যখমের পর যখম লাগতে থাকুক। এমন লোকদেরকেই মিডিয়া সামনে তুলে আনছে, যারা আমেরিকা এবং ভারতের চাহিদা পূরণে আগে আগে চলে। অথচ সেই শ্রেণির আওয়াজকে তলিয়ে দেয়া হচ্ছে, যারা সত্যিকারার্থে পাকিস্তানের সহমর্মী। আল্লাহর কুদরতের নিয়মে না আসুক। যদি শহীদদের রব মুজহিদীনের হাতে ভারত বিজয়ের ফায়সালা করে রাখেন, তাহলে আপনি তাদের রাস্তা বন্ধ করতে পারবেন না। যদি বন্ধ করতে চান, তাহলে ইসলামাবাদ এবং করাচীতে বসে সেই ভারতী লবির লাগাম টানুন, যারা পাকিস্তানকে আজ এই পর্যায়ে পৌছিয়েছে যে, ভারতের সামনে মাথা ঝুকাতে বাধ্য করেছে। এসব গাদ্দারদের কারণেই জাতি পানির প্রতিটা ফোটার মুখাপেক্ষী হতে যাচ্ছে। অথচ পানির বিষয়টি পাকিস্তান বেঁচে থাকার সাথে সম্পৃক্ত। পাকিস্তান বাকি থাকার জন্য সেসব লোকদেরকে লশকর বানান, যারা কবিলাগুলোতে অপারেশন চায়। তাদেরকে দখলকৃত কাশ্মিরে পাঠিয়ে দিন, তারপর দেখুন তারা এই দেশের জন্য কতটুকু দরদী।

পাকিস্তানী কে?

যদি আপনি এ কথা মানেন যে, পাকিস্তান কালেমার নামে জন্ম নিয়েছে, তাহলে আপনি এই পাকিস্তানকে কেনো সীমান্তের মধ্যে সীমাবদ্ধ করেন? যখন পাকিস্তান কালেমার নামে অস্তিত্বে এসেছে, তখন এটি প্রত্যেক ওই মুসলমানের দেশ, যে কালেমার জন্য বাঁচে এবং কালেমার জন্য মরে। চাই সে পৃথিবীর যে কোনো প্রান্তে জন্ম গ্রহণ করুক। প্রত্যেক মুসলমান ওই পাকিস্তানি, যার যিন্দেগীর উদ্দেশ্য কালেমার বিজয়ের জন্য দুশমনদের বিরুদ্ধে লড়াই করা। চাই সে আরবে জন্মগ্রহণ করুক অথবা আফ্রিকাতে। চাই সে দিল্লিতে চোখ খুলুক অথবা শ্রীনগরে। অথচ সেসব গাদ্দার কিভাবে পাকিস্তানী হতে পারে, যারা মুসলমানদেরকে ব্রাহ্মনদের গোলামীতে দেয়ার খাহেশ রাখে? যারা কালেমার বিজয়ের পরিবর্তে এই ভূখণ্ডে হিন্দুদের বিজয় মেনে নিতে দাওয়াত দিচ্ছে? যারা জাগ্রত জাতিকে ঐক্যবদ্ধ আত্মহত্যার প্রতি ধাক্কাচ্ছে?

হিন্দুস্তানী মুসলমান কাদের সাথে জিহাদ করবে?

বর্তমানে যখন বিশ্বের বিভিন্ন ভূখণ্ডে মুসলমানদের মধ্যে জিহাদের স্পৃহা বেড়ে চলছে, নিজেদের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য নওজোয়ানদের মধ্যে অনুভূতি জন্ম হচ্ছে, দুনিয়া জুড়ে বাতিলের সামনে মুজাহিদীন সীনা টান করে দাঁড়াচ্ছে, এমন সময় এই প্রশ্ন খুবই গুরুত্বপূর্ণ যে, আবাদীর ভিত্তিতে মুসলমানদের একটা বড় সংখ্যা হিন্দুস্তানে বসবাস করছে। কিন্তু কী কারণে তারা আজ পর্যন্ত যে পরিমাণে জিহাদের অংশগ্রহণ করার কথা সেই পরিমাণে করছে না? এতে কোনো সন্দেহ নেই তারা দুনিয়ার সেরা ধোকাবাজ জাতির সামনে দণ্ডায়মান। যে জাতি নিজের কুৎসিত চেহারার উপর দুনিয়ার সবচেয়ে বড় গণতন্ত্রের নেকাব লাগিয়ে রেখেছে। কিন্তু হিন্দুস্তানি মুসলমানদের জন্য সময়ের জটিলতার প্রতি দৃষ্টি রেখে নিজেদেরকে জিহাদের জন্য প্রস্তুত করা উচিত। গোলামীতে থাকতে থাকতে যেনো আবার ব্রাহ্মনদের গোলামীর অনুভূতিই শেষ না হয়ে যায়। হিন্দুস্তানী মুসলিম ভাইদের প্রতি খুবই সহজ একটা প্রশ্ন করতে মন চাচ্ছে,

প্রত্যেক মুসলমানের মতো আপনিও কি ইমাম মাহদীর অপেক্ষায় আছেন? যদি ইমাম মাহদী এসে পড়ে তাহলে আপনারা কী করবেন? আপনারা দেশের সঙ্গ দিবেন নাকি ইসলামের সঙ্গ দিবেন? ইমাম মাহদীর সাথে মিলে ভারতী সেনাবাহিনীর মুকাবেলা করবেন নাকি 'হেকমত ও মাসলাহাত' সামনে নিয়ে ফায়সালা করবেন? যদি ইমাম মাহদীর সাথে মিলে জিহাদ করেন, তাহলে সেই জিহাদের হুকুম এখনও আছে। আর তা হচ্ছে ফরজে আইন। সুতরাং আপনাদের জন্য জরুরী হলো, হিন্দুদের বিরুদ্ধে জিহাদে শরীক হওয়া। হিন্দুস্তানের মুসলমানদের জন্য নিজেদের আগামী প্রজন্মকে মুসলমান করে রাখার জন্য হিন্দুদের থেকে স্বাধীনতা অর্জন করতেই হবে। অন্যথায় ধীরে ধীরে হিন্দুদের বিষ শিরায় শিরায় রক্ত হয়ে দৌড়তে থাকবে। ঊর্দূ ভাষার সাথে মুসলমানদের সাথে সম্পর্ক ছিন্ন করার পর, তাদের অতীতের সাথে কতটুকু সম্পর্ক থাকবে তা বর্ণনা করার কোনো প্রয়োজন নেই। এখন আপনি নিজের মুখে যতই দাবী করতে থাকুন যে, হিন্দুস্তানে আপনাদের সব রকমের ধর্মীয় স্বাধীনতা আছে, আপনাদেরকে সমান অধিকার দেয়া হয়েছে, কিন্তু হিন্দুস্তানের বাহিরে আপনাদের অপদস্ততা দেখে গোটা বিশ্ব আফসোস করছে। আপনাদের অধঃপতনের উপর ছাঁপা রিপোর্টগুলো পড়ে তো এমন মনে হয় যে আপনাদেরকে শূদ্র বানিয়ে দেয়া হয়েছে। ইসলামী বিশ্বে বিপ্লব হয়ে যাচ্ছে, জিহাদের ময়দান গরম, নওজোয়ানেরা সেজগুজে হুরদের দিকে দৌড়ে যাচ্ছে, মায়েরা জোয়ান ছেলেদেরকে আল্লাহর নামে কুরবানী দিয়ে দিচ্ছে, বাহাদূরী এবং বীরত্বের এমন ইতিহাস লেখা হচ্ছে যার উপর উম্মত সর্বাবস্থায় গর্ব করতে পারে, দুনিয়া জুড়ে মুসলমানরা জিহাদে শরীক হওয়ার জন্য জিহাদের স্বর্গরাজ্য আফগানের দিকে মুখ ফিরাচ্ছে কিন্তু আপনারা কোথায়? ব্রাক্ষনদের প্রতারণা, স্মরণশক্তির উপর মনে হচ্ছে এমন জখম করেছে যে, এখন দিল্লির জামে মসজিদ এবং লাল কেল্লা দেখেও নিজেদের হারানো ঐতিহ্য মনে পড়ে না। বাবরী মসজিদের পর এতগুলো মসজিদ শহীদ হওয়ার পরও সোমনাথ মন্দির ভাঙ্গার কথা ভুলে গেছেন। যে জাতির নারীদেরকে আপনি ইযযত দিয়েছেন, সম্মান দিয়েছেন আজ সেই জাতি ভরা বাজারে তোমাদের ইযযতের নিলাম করে ফিরছে।

তোমাদের দূর্বলতা এ পর্যন্ত পৌছেছে যে, শুরুতে বিশ্ব থেকে আড়াল করে জুলুম করতো, আর এখন নিজেরাই বিশ্বকে দেখিয়ে ফিরছে। তোমাদের অচেতনতার ভিডিও করে বিশ্ব মিডিয়াকে দেখাচ্ছে। গোলামী এই পরিমাণে করেছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদ বানাতে বাধা দেননি, কিন্তু যখন ইচ্ছা মসজিদসমূহে ঝুটা ফেলে চলে গেছে? দুই সেজদার অনুমতি নিতে এতো ব্যস্ত যে, দারুল হারব এবং দারুল ইসলামের মাসআলা ভুলে গেছে। আজ আপনি হিন্দুস্তানকে দারুল হারব মনে করেন না। অথচ শাহ আব্দুল আযীয দেহলভী রহ. হিন্দুস্তানকে সে সময় দারুল হারব হওয়ার ফতোয়া দিয়েছিলেন, যখন দিল্লির মসনদে মুসলমান বসা ছিলো। আদালতের আইন কানুন কাজীদের হাতেই ছিলো। বাহ্যিক দৃষ্টিতে সব ধরণের ধর্মীয় স্বাধীনতা ছিলো। দুই ঈদ, জুমা এবং আযানের ব্যাপারে কোনো আপত্তি ছিলো না। সে সময় যেসব কারণ শাহ আব্দুল আযীয রহ, বর্ণনা করেছিলেন সেগুলো অধ্যয়ন করুন এবং হিন্দুস্তানের মুসলমানদের উপর জুলুম নির্যাতনের চিত্র দেখুন।

শাহ আব্দুল আযীয রহ. এর ফতোয়া

এখানে খ্রিস্টান অফিসারদের হুকুম বিনা বাক্যে চালু আছে। তাদের হুকুম জারি হওয়া এবং বাস্তবায়ন হওয়ার উদ্দেশ্য হলো, রাজত্ব, পরিচালনা, টেক্স, বাজনা, উশর, মাল রপ্তানি, ব্যবসায়ী মাল, চোর ডাকাতের নিয়ম নীতির ব্যাপার, মামলা-মুকাদ্দামায় সাব্যস্ত দোষীদের শাস্তি ইত্যাদি অর্থাৎ সিভিল সেনা, পুলিশ, দেওয়ানী, ফৌজদারী লেনদেন, কাস্টম এবং ডিউটি ইত্যাদিতে তারা নিজেরাই হাকিম এবং নিজেরাই স্বয়ং সম্পূর্ণ। এসব ক্ষেত্রে হিন্দুস্তানী মুসলমানদের কোনো কর্তৃত্ব নেই। অবশ্যই জুমার নামায, দুই ঈদ, আযান, গাভী জবাইয়ের মতো ইসলামের কিছু বিধান পালনে তারা বাধাঁ দেয় না। কিন্তু যে বিষয়টি সবকিছুর মূল এবং আযাদীর ভিত্তি অর্থাৎ হুকুমত পরিচালনার বিষয়টি অবাস্তব এবং পদদলীত। সুতরাং নির্দ্বিধায় মসজিদগুলো ভেঙ্গে দিচ্ছে, জনসাধারণের নাগরিক অধিকার নষ্ট করে দিচ্ছে, যার পরিণাম হচ্ছে কোনো হিন্দু অথবা

মুসলমান তাদের পাসপোর্ট এবং অনুমোদন ছাড়া এই শহর ছাড়া অন্য কোথাও অথবা তার আশেপাশে যেতে পারবে না। সাধারণ মুসাফির এবং ব্যবসায়ীদেরকে আসা যাওয়ার অনুমতিও দেশের কল্যাণ কিংবা নাগরিক স্বাধীনতার জন্য নয় বরং নিজেদের সুবিধার জন্য দিয়েছে। তার বিপরীতে বিশেষ বিশেষ ব্যক্তি এবং নামকরা ব্যক্তি যেমন সুজাউল মুলক এবং বেগম সাহেবারাও তাদের অনুমতি ছাড়া এই শহরে প্রবেশ করতে পারে না। দিল্লি থেকে কলকাতা পর্যন্ত তাদেরই কর্তৃত্ব। অবশ্য কিছু ব্যতিক্রমও আছে যেমন হায়দারাবাদ, লাখ্নৌ, রামপুর ইত্যাদির হর্তাকর্তারা যেহেতু আনুগত্য কবুল করে নিয়েছে তাই সেখানে সরাসরি খ্রিস্টান বিধি বিধান জারি হয় না। কিন্তু এতে পুরা হিন্দুস্তান দারুল হারব হওয়ার ব্যাপারে কোনো প্রভাব ফেলবে না।

-উলামায়ে হিন্দ কা শানদার মাজি।

আজ হিন্দুস্তানে কার হুকুম চলে? মুসলমানদের নাকি হিন্দুদের? মুসলমানদের জান, মাল, ইযযত, আব্রু আজ পর্যন্ত কোটিবার পদদলিত করেছে। শাহ আব্দুল আযীয রহ. এর কার্যকরী পদক্ষেপ ইসলামের দুশমনদেরকে আগুনের গোলা নিক্ষেপ করেছে। দুধের মধ্যে টিকটিকি জাল দিয়ে সেই দুধ পান করিয়ে দিয়েছে। যারফলে তার দৃষ্টি শক্তি নষ্ট হয়ে যায় এবং শ্বেত রোগ হয়ে যায়। পরিবারের মহিলাদেরসহ তাঁকে দিল্লিতে পাঠিয়ে দেয়। মহিলাদেরকে পর্যন্ত সাওয়ারিতে আরোহন করতে দেয়নি। মির্যা মাযহার জানেজানা রহ.কে সাহাবায়ে কেরাম রা. এর সাথে মহব্বতের কারণে গুলি করে শহীদ করে দেয়া হয়।

শাহ ইসমাঈল শহীদ রহ. এবং সায়্যিদ আহমদ শহীদ রহ.

শাহ আব্দুল আযীয রহ. এর দারুল হারবের ফতোয়া কাগজী পদক্ষেপে সীমাবদ্ধ ছিলো না। বরং এর বাস্তবায়নের জন্য পূর্ণ যুদ্ধের মিশন তাঁর নিকট ছিলো। যা কিছু তাঁর কলম থেকে বের হয়েছে তার জন্য খুব দ্রুততার সাথে কার্যকর পদক্ষেপ নেয়া হয়। শহরে শহরে গিয়ে মানুষজনকে জিহাদের জন্য তৈরি করা হয়। যে জিহাদে যেতে প্রস্তুত হয়ে গেছে, তার ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়। হিজরতের জন্য মুসলমানদেরকে

প্রস্তুত করা হয়। জিহাদের খরচের জন্য টাকা-পয়সার ব্যবস্থা করা হয়। অন্যান্য রাষ্ট্রের সাথে সম্পর্ক, নিয়মিত যুদ্ধের প্রস্তুতি, সীমান্ত নির্ধারণ, সেখান থেকে পিছনের কেন্দ্র পর্যন্ত সংযোগের ব্যবস্থা, রশদপত্র প্রস্তুতসহ যুদ্ধ করতে প্রয়োজনীয় সবরকম প্রস্তুতি নেয়া হয়। এর জন্য সায়্যিদ আহমদ শহীদ রহ. আমীরুল মুজাহিদীন এবং শাহ ইসমাঈল শহীদ রহ. ও মাও. আব্দুল হাই রহ. তাঁর বিশেষ উপদেষ্টা হিসেবে নিযুক্ত হন।

তারপর বিশ্ববাসী দেখেছে চাটাইয়ের উপর উপবিষ্টরা তুপ-কামান উঠিয়েছেন, নিজেদের ইলমের মান রাখতে ঘর-বাড়ী, বিবি-বাচ্চা, বড় বড় দীনি মজলিস, সবকিছুকে আল বিদা বলে ঘর ছেড়ে হাজার মাইল দূরে সারহাদ প্রদেশের পাহাড়ে রাত যাপন করতে থাকেন। কুরআন ও হাদীসের দরস ছেড়ে আজ কুরআন ও হাদীসের বিধি-বিধান হেফাজত করতে সবাই দাঁড়িয়ে যায়। কে শায়খুল হাদীস, কে শায়খুত তাফসীর, কে কুতুব আর কে আবদাল? নির্বিশেষে সকলেই আল্লাহ তা'আলার মানশা পূর্ণ করতে ধূলি মলিন হয়েছেন। কাদায় লুটোপুটো খেয়েছেন। শুকনো বাসি রুটির উপর দিন কাটিয়েছেন। ক্ষুদা সহ্য করেছেন, ভৎসনাকারীদের ভৎসনা সহ্য করেছেন। কুরআন হাদীস থেকে হেকমতে আমলী আর মাসলাহাতপছন্দীর সবকদাতাদের জবাব দিয়েছেন। গাদ্দারী, অকৃতজ্ঞতা আর ঘর-বাড়ীর বিচ্ছেদ সহ্য করে অবশেষে এই মহান ব্যক্তিদের কাফেলা বালাকোটের ময়দানে নিজের শেষ সম্বল জানটুকুও রবে কায়েনাতের সন্তুষ্টির জন্য কুরবান করে দেন। ইসলামের শেয়ারগুলো (ধর্মীয় নিদর্শন) হেফাজত করা-ই দীনের সবচেয়ে বড় খেদমত। চাই তার জন্য নিজের ঘর, নিজের মাদরাসা, এমনকি নিজের মাতৃভূমিও ছাড়তে হোক। তোমাদের মধ্যে সর্বোত্তম আলেম সে-ই হতে পারে যে কুরআন থেকে শিখে এবং তার উপর জমে থাকে। এটি সায়্যিদ আহমদ শহীদ রহ. এর বেলায়েত এবং আল্লাহ তা'আলার সাথে বিশেষ সম্পর্কেরই প্রমাণ যে, তিনি কাফেরদের সামনে সেই মাথা ঝুকাতে অস্বীকার করেছেন, যেই মাথা মাহবুবে হাকীকীর সামনে নত হয়েছে। বালাকোটে শাহ ইসমাঈল শহীদ রহ. এর মাজারে উপস্থিত হওয়ার সময় বার বার দিল্লি থেকে বালাকোট পর্যন্ত মানচিত্র মাথায় ঘোরপাক খেতে থাকে। একদিকে দিল্লির চাকচিক্য,

মুসল্লি ভরা মসজিদ, মাদরাসাগুলোতে ইলম পিপাসুদের ভীর আর অপরদিকে পাহাড়ের চূড়ায় দন্ডায়মান বালাকোট। কোথায় দিল্লির শাহজাদা আর কোথায় সেই লোক অভিযোগ যার সাথী? আমার মতো দূর্বল চিত্তের লোক এই রহস্য কিভাবে বুঝবে যে, হাদীসের দরস দাতা শাহ ইসমাঈল শহীদ রহ. হাদীসের দরস ছেড়ে কেনো সায়্যিদ আহমদ শহীদ রহ. এর পিছনে ছুটে গেছেন? কখনো মাকবারায়ে কাসেমীতে কাসেম এবং মাহমুদ রহ. এর কবরের পাশে দাঁড়িয়ে চিন্তা করবেন যে, তাঁরা কোন্ শক্তির সাথে লড়তে গিয়েছিলেন? যাদের রাজত্বে সূর্য অস্তমিত হতো না। নিজেকেও এই প্রশ্ন করবেন যে, মূলছড়ির বেষ্টনী থেকে বের হওয়ার সময় বাবে কাসেমীর দিকে শেষ নযর দিয়ে অন্তরে উদ্দীপনার তুফান নিয়ে বের হওয়া তালেবে ইলম বাকী আছে, নাকি দুনিয়ার চাকচিক্যে তাকেও ভবিষ্যতের চিন্তাবিদ বানিয়ে দিয়েছে?

আমি কখনো চিন্তা করি যে, আমাদের বড়রা অধিক বুদ্ধিমান ছিলেন, যারা উম্মতের হীরাগুলো একত্রিত করে বালাকোটের প্রান্তরে গিয়ে শহীদ করে দিয়েছেন, নাকি আমরা অধিক বুদ্ধিমান যারা নিজেদের জান বাঁচিয়ে ঘুরা ফেরা করছি? আমি নিজেকে প্রশ্ন করি, শাহ আব্দুল আযীয মুহাদ্দেসে দেহলভী রহ. এর মতো মুহাদ্দিসের কী এতটুকু অনুভূতি ছিলো না যে, ইংরেজদের বিরুদ্ধে তাঁর ফতোয়া কতটুকু মসিবত বয়ে আনবে? তাঁর কি এই বোধশক্তি ছিলো না যে, তাঁর এই পদক্ষেপ হিন্দুস্থানের মাদরাসাগুলো প্রত্যেকটা ইট ইংরেজরা খুলে নিবে? কিন্তু তারপরও কোন্ ব্যাথায় দিল্লিতে দীনের মহা খেদমত আঞ্জামদাতা মাদরাসাগুলোকে তোপের নীচে রাখলেন? কেনো নিজে মসীবতের সাগরে ঝাঁপ দিলেন আর কেনই বা মাদরাসাগুলোকে ধ্বংস করালেন? আমার মতো স্বল্পজ্ঞানী লোক যখন আকাবেরের ইতিহাস অধ্যয়ন করি এবং বর্তমানের অবস্থা পর্যবেক্ষন করি তখন মনে হয়, তাঁরা এক জগতের বাসিন্দা ছিলো আর আমরা ভীন গ্রহের লোক। অন্তর সামনে সফরের পরিবর্তে অতীতের দিকে ছুটে যেতে চায়। সময় খুবই সংক্ষিপ্ত। আসুন অতীতকেই ফিরিয়ে নিয়ে আসি। আলোচনা-পর্যালোচনা রাখুন। দাঁড়ান। এখনই দাঁড়ানোর সময়। নৈরাশ হবেন না। নিজেকে দূর্বল মনে করবেন না। সোমালিয়াবাসীকে দেখুন। ক্ষুদার্ত পেট।

দূর্ভিক্ষে আক্রান্ত। শিরার রক্তগুলোও দীনের দুশমনেরা চুষে নিয়েছে। কিন্তু যখন তাঁরা দাঁড়িয়েছে যুগের ফেরাউনের গলায় রশি লাগিয়ে গলিতে গলিতে টেনে ফিরিয়েছে। ভারত তো থোরাই। আল্লাহ তা'আলারই সকল শক্তি। তাঁকেই ভয় করা উচিত। এই ভয় গোলামীর ভয়। অন্য কিছু নয়। নতুবা একজন পুলিশের কী শক্তি আছে যে, থ্রী নট থ্রী হাতে নিয়ে মাহমুদ গজনভী এবং আওরঙ্গজেব রহ. এর সন্তানদেরকে বকরীর পালের মতো তাড়িয়ে বেড়াবে? এসব কেবলই জিহাদ থেকে দূরে সরার ফল। অন্যথায় ভারতী সেনাবাহিনীও আপনার সামনে টিকে থাকতে পারবে না। কাস্মীরের ভিতরের অবস্থা দেখুন। মোশাররফের গাদ্দারীর আগ পর্যন্ত কী পরিমাণ ভারতী সৈন্যকে মুজাহিদরা পরাজিত করেছে। দ্রুত করুন। জিহাদের ময়দান আপনাকে ডাকছে। কাফেলা প্রস্তুত। কুতুব মিনার আপনাকে আপনার বড়ত্বের ইতিহাস স্মরণ করিয়ে দিচ্ছে। লাল কেল্লায় বয়ে যাওয়া তরঙ্গ, দীলের দরিয়াকে রক্তে রঙ্গিন করছে। তার সামনে নিথর দাঁড়িয়ে থাকা জামে মসজিদও কী আপনার দীলে অতীত ফিরিয়ে আনার তামান্না জাগ্রত করছে না? এর সবই তো আপনার মীরাস। আল্লাহ তা'আলা আপনাকে এজন্য দুনিয়াতে পাঠাননি যে, আপনি আল্লাহর দুশমন হিন্দুদের গোলামী করে জীবন অতিবাহিত করবেন। দাঁড়ানোর সময় এখনই। দাঁড়ান। যদি আপনি নিজে না দাঁড়ান তাহলে আপনাকে উঠিয়ে দেয়া হবে। অল্প সময় বাকী। যুদ্ধ শুরু হওয়ার আগেই নিজেকে জিহাদের জন্য প্রস্তুত করুন। যাতে বাহির থেকে আপনার মুজাহিদ ভাইয়েরা আর ভিতর থেকে আপনারা গযওয়ায়ে হিন্দে শরীক হয়ে জাহান্নামের আগুন থেকে মুক্তি পেতে পারেন। দু'জাহানের সরদার মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এর হিন্দুস্তান বিজয়ের সুসংবাদের শরীক হতে পারেন।

পাকিস্তান এবং উলামায়ে হক

এরাই সেই লোক, যারা বেঁচতো দীলের দাওয়াই

নেহায়াতই পেরেশানীর কথা, যখন বিপদগুলো সাপের ন্যায় ফণা তুলে সামনে দণ্ডায়মান, এই সঙ্কটময় পরিস্থিতিতেও হকপন্থীদের দীলে

নড়াচড়ার কোনো আবাস পাওয়া যাচ্ছে না। অথচ তাঁরা সেই তবকার লোক, যারা দূরে থেকেই বিপদের ঘ্রাণ অনুভব করার যোগ্যতা রাখেন। বর্তমানে বিপদ তো তাদের মাথার উপর বর্ষিত হতে শুরু করেছে। কিন্তু কোন্ কারণে তাঁরা একে অপরের অপেক্ষায় বসে আছেন? মাঝে মধ্যে মন চায়, আল্লাহর এই বান্দাদের দরজায় গিয়ে জিজ্ঞেস করি জড় পাথরকে যবান দাতাদের উপর এই খামোশী কেন আচ্ছাদিত? বালাকোটের গুহাবাসী আর শামেলীর ময়দানকে নিজের রক্তে রঙ্গীন করে, ভারত উপমহাদেশে আযাদীর রঙ ছিটানেওয়ালারা আজ কেনো শীতের ঝরেপড়া পাতার ন্যায় বিক্ষিপ্ত হয়ে আছে? অতীত এবং বর্তমানের এতটা বৈপরিত্ব তালেবে ইলমদের বোধগম্য নয়। আমাদের নিজেদেরকে কাসেম এবং মাহমুদের মাপকাঠিতে পরখ করা উচিত, আমাদের এবং সলফে সালেহীনদের পথ ও কর্মপদ্ধতীতে কতটা দূরত্ব সৃষ্টি হয়েছে? এই পার্থক্য কেবলই শাখাগত? নাকি বুনিয়াদী ভাবেই দূরে সরে গেছি? কেবল কর্মপদ্ধতীতে মতানৈক্য নাকি উদ্দেশ্য, মিশন সবই উলট পালট হয়ে গেছে? উদ্দেশ্য এবং মিশন বাস্তবায়নের জন্য নিজেদেরকে কুরবানী করার সুন্নত জারি আছে নাকি নিজেদের জন্য উদ্দেশ্য এবং মিশন কুরবানী করা হচ্ছে? নিজেকে বিলিয়ে দেয়ার আগ্রহ বাকী আছে নাকি বেঁচে যাওয়ার তামান্না দীলে বাসা করে নিয়েছে? শেষ হাদীস পড়ানোর সময় 'অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহী মনভাব' সনদ হিসেবে বন্টন করা হতো, তার পরিবর্তে 'মাসলাহাত আর কল্যাণ' তো জায়গা করে নেয়নি? বালাকোটের প্রেরণা আর শামেলীর স্পৃহা দীলকে উত্তপ্ত করে নাকি লণ্ডন ওয়াশিংটনের যাদুর প্রভাব দীনের খেদমতের নতুন তাকাযা শিখিয়ে দিয়েছে?

আল্লাহ তা'আলা যেন এই গুনাহগারকে সেই দিনটি না দেখান, যেদিন ইসলামী চিন্তার সূতীকাগার ব্যক্তিত্বগুলেকে গণহারে হত্যা করা হবে। তাদের মসজিদ ও মাদরাসগুলোর ছাদ তাদেরই উপর ধ্বসিয়ে দেয়া হবে। হায়! যদি এমনটি না হতো। আল্লাহ সবকিছুই ভালো রাখুন। কিন্তু কেনো জানি এই গুনাহগারের চোখের সামনে গাছে গাছে সেই প্রজন্মের আযাদীর তামান্নাকারীদের ঝুলন্ত লাশ ভেসে উঠে, যাদেরকে ১৮৫৭ সালের পর দিল্লির জামে মসজিদ থেকে দিল্লির শাহী গেট পর্যন্ত গাছের

উপর এমন ভাবে সাজিয়ে দেয়া হয়েছিলো, যেমন বিয়ে সাদিতে প্রত্যেক দেয়াল এবং মন্দীরে বাতি ঝুলিয়ে দেয়া হয়। তারপরও দীলকে এই প্রবোধ দেই যে, এসব তো আগের দিনের কথা। এটা তো নতুন যুগ। অভিজ্ঞতা এবং সতর্কতার যুগ। এক চোখের যুগ। যা সব জায়গায় সবকিছু দেখছে। সুতরাং ইংরেজদের মতো জুলুম বর্তমানে করা সম্ভব নয়। কিন্তু পরক্ষনেই নিজের সাথে কিছুটা প্রতারক হয়ে যাওয়ার ভয়ে অস্থীর হয়ে যাই। তারপর এই অভিজ্ঞতা এবং একচোখা যুগের (যা একদিকে দেখে এবং একদিকেই দেখায়) ফালুজা চোখের ঘুম কেড়ে নেয়। ফালুজা এক কতলখানার নাম। এক বিশেষ পরিকল্পিত হত্যাখানা। যেখানে বিদ্রোহী স্বপ্ন এখনও বেঁচে আছে। নিজের দীন, নিজের ঈমান এবং নিজের দেশের উপর কোনো কাফেরের দখলদারিত্ব দেখে যাদের বিদ্রোহী স্বপ্নগুলো উছলে উঠে। তারা সবাই এক। তাদের নাম, চেহারা, এলাকা এবং ভাষা যদিও পৃথক। কিন্তু তাদের সকলের স্বভাব বিদ্রোহী। তাদের প্রতিক্রিয়া একই হয়। চাই বৃটেনি কৃষ্টিকার্লচারের আকৃতিতে আসুক আর আমেরিকার শেকেলে আসুক। তাদের পেশা-ই বিদ্রোহী। অথচ মুসলমান তো আরো আছে। যাদের দৃষ্টিভঙ্গি প্রশস্ত। অন্যকে বরদাস্ত করনে ওয়ালা। নতুন যুগের বাস্তবতায় মাথা ঝুকানে ওয়ালা। কিন্তু এই চিন্তাশক্তির মধ্যে পরিণামপছন্দী রয়েছে। দুনিয়ার সভ্য জাতিগুলো নিজে নিজেই তাদের দরজায় সভ্যতা শিখাতে আসে। আর তারা মরতে এবং মারতে প্রস্তুত। ফাসাদ ছড়ায়। মন্দপ্রিয়। তাদের ইতিহাসই এমন। যখনই এমন কোনো সুযোগ তাদের আসে, তখনই তাদের খানকা ওয়ালারা, মাদরাসা ওয়ালারা, ইমাম, মুয়াযি্যন, ব্যবসায়ী, মজদুর সবাই এক হয়ে যায়। কেউ খানকা থেকে উঠে এসে সায়্যিদ আহমদ শহীদ রহ. এবং হাজী এমদাদুল্লাহ মুহাজেরে মক্কী রহ. হয়ে যায়। একসময়ের মুহাদ্দিস মাদরাসা ছেড়ে নিজের পীরের পিছনে ছুটে চলে।

পাকিস্তানে হকপন্থীদের বিরুদ্ধে ইরাকীদের পদ্ধতী-ই ব্যবহার করা হবে। হকপন্থী উলামায়ে কেরাম বাতিল শক্তির টার্গেটে রয়েছে। সুতরাং বেছে বেছে টার্গেট বোর্ডে নিশানা বানানোর আগেই উঠতে হবে। আমেরিকা পাকিস্তানে তার পরিকল্পিত যুদ্ধ চাপিয়ে দেয়ার আগেই

হকপন্থীদেরকে এই আঘাতের বিরুদ্ধে দাঁড়াতে হবে। আম জনতাকে সাথে নিয়ে আগত অবস্থা মুকাবেলা করার জন্য প্রস্তুতি আবশ্যক। চিন্তা অন্য কিছু নয়, শুধু এতটুকু যে এই চক্ষু আপনার গলি, মহল্লা আর বসতিকে ফালুজা বানাতে দেখার শক্তি কোথা থেকে আনবে? এজন্যই নফস বারবার নীরবতা পালনের ফযীলত শোনায়। যেখানে লোক আরামে ঘুমিয়ে আছে, সেখানে শোরগোল করা এবং ঘুমন্তদের জাগানোকে আনকার্লচার, অসামাজিক মনে করা হয়। মানুষ এটাকে ভালো মনে করে না। কিন্তু দীল তো দীল-ই। ভয় হয়, আবার না আপনাদের সাথেও তেমন হয়ে যায়, যেমনটি ইরাকের উলামায়ে কেরামের সাথে হয়েছে। চোখের সামনের পূণরায় সেই ছবি ভেসে উঠে। দজলা ফুরাতের দৃশ্য। আযানের আওয়াজে গমগম করা মিনার মুয়াযি্যনদের উপর ধ্বসিয়ে দেয়া হয়েছে। সেজদায় সুবহানা রব্বিয়াল আ'লা বলা অবস্থায় মুসল্লিদের উপর মসজিদের ছাদ ধ্বসিয়ে দেয়া হয়েছে। আরবের লজ্জাশীল মেয়েরা মৃত্যু কামনা করে বেঁচে আছে, নাকি হায় মু'তাছিম! বলে, নাকি কোনো মুহাম্মাদ বিন কাসিমের আশায় বেঁচে আছে? গোটা মহল্লাকে ঘেরাও করে সকল মহিলাদের উঠিয়ে নিয়ে যায়। সাদা দাড়ি ওয়ালাদের দাড়ি ধরে রাস্তায় হেচড়ানো হয়। যুবকদেরকে লাইনে দাঁড় করিয়ে নিশানা ঠিক করার প্রেক্টিস করা হয়। ইবলিসি কার্লচারের পূজারী, আমেরিকান সেনাবাহিনী, ব্লাক ওয়াটার এবং সেসব লোক যাদের নসবনামা ইবনে আলকমার সাথে মিসেছে, তাদের টার্গেট একটা শ্রেণি। সেটাও খুবই মুন্সিয়ানা আন্দাজে। প্রকাশ্যে, দিনের আলোতে। এমনকি বাজারেও যদি সেই শ্রেণির কাউকে দেখতে পায়, কোনো রাফেজী (শিয়া) ইচ্ছা করলো আর আমেরিকান গাণ উঠালো এবং সবার সামনেই গুলি করে দিলো। শুধু জুলুম আর জুলুম।

বন্ধুরা হয়তো মনে করবে বার বার শুধু ফালুজার আলোচনা কেনো করছি? কাশ্মির, ভারত, আফগানিস্তানের কথা কেনো ভুলে গেছি? সবই মনে আছে। কাশ্মির দিল্লি কোনটাই ভুলতে পারি না। নিজেকে নিজে ভুলতে পারি, কিন্তু শ্রীনগর, দিল্লি ভুলতে পারি না। এটা আমার উপর ঋণ। থাকলো আফগানিস্থান। এটি ছাড়া তো সবকিছুই অসম্পূর্ণ। কিন্তু যে সবক পাকিস্তানের হকপন্থীদের জন্য ফালুজায় মওজুদ রয়েছে তা অন্য

কোথাও নেই। ফালুজার গণহত্যা নিজের মধ্যে অফুরন্ত শিক্ষা এবং সবক ধারন করে আছে। তাছাড়া পাকিস্তানের জন্য ইরাকের অনুরূপ পদ্ধতি অবলম্বন করা হবে। হত্যাকারী কারা ছিলো, হত্যার পথপ্রদর্শন কারা করেছে, আর কারা হত্যা করেছে? ডুকরে উঠা, আহ! আহ! কাতরানো আর চিৎকার কাদের সম্বল ছিলো? অট্টহাসি আর শ্লোগান কাদের কন্ঠে ছিলো? সংক্ষেপে এ কথা বলা যেতে পারে ফালুজা পাকিস্তানীদের জন্য এমন এক ভিডিও ফিল্ম, যা আগেই বানানো হয়ে গেছে। নিজের ভবিষ্যত দেখার জন্য ফালুজার ঘটনা মনযোগের সাথে পড়ুন। যে ফালুজা পড়েছে, তারজন্য ভবিষ্যতে পাকিস্তানে ঘটমান সবকিছু ফালুজার ভিডিও দেখার মতই মনে হবে। আক্রমণকারী তারাই। হামলার টার্গেটও তারাই। হত্যাকারীরাও ফালুজার মতই। নিহতরাও ফালুজার মত। সেসব বোনদের মরুভূমির দীল নাড়ানো চিৎকার, এই দূর্বল দীল বরদাশত করার উপযোগী নয়। সেসব বোনদের চিৎকারে তো বর্তমানের মুহাম্মাদ বিন কাসিম 'আবু মুসআব যারকাভী' লাব্বাইক বলেছিলো। কিন্তু করাচী থেকে গিলগিট এবং কাশ্মীরের গোত্রগুলো পর্যন্ত ব্লাক ওয়াটার, আমেরিকান মেরিন সৈন্য এবং তাদের ভাড়া করা সৈন্যের মুকাবেলায় আবু মুসআব যারকাভী হওয়ার মতো কি কেউ আছে? এমন কেউ কি আছে, যে তামাম মাসলাহাত, মনগড়া হেকমতে আমলী এবং ভয়ের ছায়া থেকে নিজেকে ছাড়িয়ে কোনো এক সময় ইসলামের সকল দুশমনের মুকাবেলায় একা দাঁড়িয়ে যাবে? তবেই পাকিস্তানের মুসলমানদের বাঁচানো সম্ভব। হকপন্থীদের জন্য জরুরী হলো, যে পন্থায় দুশমন আমাদেরকে ধ্বংস করার পরিকল্পনা করছে ঠিক সেই পন্থায় তাদের মুকাবেলা করা। ভারত এবং আমেরিকার সাথে সমঝোতা করে, যিন্দেগী ভিক্ষা চেয়ে অথবা কয়েকটি নিশ্বাস ধার করে নিয়ে বেঁচে যাওয়ার নাম যিন্দেগী নয়। এমন জীবনের চেয়ে মৃত্যু হাজার গুণে ভালো। আমেরিকা এবং ভারত মিলে আপনার উপর আক্রমণ করার আগেই দাঁড়িয়ে যান। গোটা পাকিস্তানের মুসলমানদের মধ্যে জিহাদের স্পৃহা জ্বালিয়ে দিন। ইমাম মাহদীর দাওয়াতদাতা সেনাবাহিনীকে শক্তিশালী করুন। ইমাম মাহদীর শত্রুদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হোন। মানুষজনকে এ কথা বুঝান, আমেরিকান যুদ্ধের ইন্ধন হওয়ার দ্বারা কিছুই

পাওয়া যাবে না। আল্লাহ যদি এই ইবলিশি শক্তির ভাগ্যে পরাজয় লিখে থাকেন, তাহলে গোটা পৃথিবী মিলেও তাদেরকে তালেবানদের হাত থেকে বাঁচাতে পারবে না। যদি গোটা পৃথিবীর মুসলমানও আমেরিকার সাথে মিশে যায়, তাহলে আল্লাহ তা'আলা তাদের সবাইকে ধ্বংস করে নতুন এক জাতি নিয়ে আসবেন। যারা তাদের দীনের দুশমনদের সাথে জিহাদ করবে। আল্লাহ তা'আলা কারো মুখাপেক্ষী নন। সুতরাং আখেরাতকে ভয় করা উচিত। ইসলামের দুশমন শক্তির সঙ্গ দেয়ার পরিবর্তে ঈমানদারদের সাথে নতুন ঐক্য করে আমেরিকা এবং ভারতের বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতি নেয়া উচিত। বিজয়ী তারাই হবে যারা আল্লাহর কালেমা বুলন্দ করার জন্য লড়াই করবে। যারা আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীন ছেড়ে দিবে, আল্লাহ তা'আলাও তাদেরকে ছেড়ে দিবেন। তাদেরকে সাহায্য করা হবে না। আল্লাহ তা'আলা আমাদেরকে হকপন্থীদের সাথে শামিল করুন। বাতিলের সঙ্গ দেয়া থেকে আমাদের হেফাজত করুন। আমীন।

জিহাদের সময় কখন হবে?
ইমাম মাহদীর সাথে মিলে জিহাদ করবেন?

জিহাদ ফরযে আইন হওয়ার জন্য চার ইমাম যে শর্তাবলী বর্ণনা করেছেন, সেই শর্ত অনুযায়ী এখন গোটা পৃথিবীর মুসলমানদের উপর জিহাদ ফরযে আইন। এই ফরয আদায়ে কোনো অলসতা, ক্লান্তি এবং বাহানার সুযোগ নেই। তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমন, মীর্যা গোলাম আহমদ কাদিয়ানী যেসব শর্ত বর্ণনা করেছেন, সেগুলো এখনও পূর্ণ হয়নি। কাদিয়ানী শরীয়ত অনুযায়ী এখনও জিহাদ ফরয নয়। ভবিষ্যতেও ফরয হওয়ার কোনো আশা নেই। ইসলামের দুশমনরা মুসলমানদের উপর আক্রমণ করছে আর একের পর এক মুসলিম দেশ নিজেদের আক্রমণের টার্গেট বানাচ্ছে। কিন্তু নিজেদের প্রতিরক্ষার ব্যাপারে মুসলমান সীমাহীন গাফলতের শিকার। যখন মানুষজনকে জিহাদের আহ্বান করা হয়, আসুন জিহাদে শামিল হয়ে সেই ফরয আদায়

করুন, যা আল্লাহ তা'আলা আপনার উপর মুসলমান হিসেবে হুকুম করেছেন, তখন তারা জিহাদ থেকে বাঁচার জন্য নানারকম হীলা-বাহানা তৈরি করতে থাকে। অথচ তার মধ্যে এমন কোনো প্রশ্ন নেই, যা কুরআনে বর্ণনা করা হয়নি এবং তার জবাব দেয়া হয়নি।

বস্তুত: মানুষজনকে দুনিয়ার মহব্বত এবং তার সাথে সম্পৃক্ত লম্বা লম্বা স্বপ্ন এমন ভাবে ধ্বংস করে দিয়েছে যে, দুনিয়া ছুটে যাওয়ার চিন্তা-ই বিপদজনক মনে হয়। মৃত্যুর চিন্তা তো কবরস্থানে গিয়েও দীলের কোনো এক কোণায়ও সৃষ্টি করতে পারে না। বাস্তবতা অস্বীকার এবং মুশকিল অবস্থা দেখেও চোখ বন্ধ করে রাখার অভ্যাস, এখন তার মেযাজের অংশ হতে বসেছে। সুতরাং আজও নিজেকে সকল দিক থেকে ঘেরাওয়ের মধ্যে দেখার পর, মানুষজন বাস্তবতা স্বীকার করার পরিবর্তে বিরোধীতা করছে। তাদের নিকট বর্তমান অবস্থা অস্বাভাবিক কোনো কিছু মনে হচ্ছে না। তারা মনে করছে এখনও সে সময় অনেক দূরে। সুতরাং অনর্থক মুসলমানদেরকে পেরেশান করার কোনো প্রয়োজন নেই। যখন ইমাম মাহদী আসবে, তখন সকল মুসলমান তাঁর সাথে মিলে জিহাদের শরীক হয়ে যাবে। মানুষের মধ্যে এই ধারণা ব্যাপক যে, ইমাম মাহদী আসলে তাঁর সাথে মিলে জিহাদ করে নিবে। এই কথা বলার সময় ইমাম মাহদীর অবস্থা সামনে রাখে না যে, যখন দুনিয়ার সকল কাফের সেসব মুসলমানদেরকে মিটিয়ে দেয়ার জন্য সংকল্প করবে, যারা গোটা পৃথিবীর সাথে বিদ্রোহ করে কেবল 'আল্লাহ আল্লাহ' নেযাম বাকী রাখার জন্য জীবন বাজি লাগাবে, ইবলিসি ধর্ম 'নিউ ওয়ার্ল্ড অর্ডার' এর সাথে বিদ্রোহ করে ইসলামী নেযাম বাস্তবায়ন করতে আগুনের সাগর পাড়ি দিতে থাকবে, তামাম কাফের এবং তাদের সাথে ঐক্যবদ্ধ মুনাফিকরা তাদের শত্রু হবে, তাদেরকে ধ্বংস করতে তাদের হাসি-খুশি ভরা গ্রামগুলো মাঝরাতে উলট-পালট করে দিবে, ফুলের মতো স্বচ্ছ হাসির বাচ্চাগুলোর ছেলেবেলা ছিনিয়ে নিবে, তাদের লজ্জাশীল নারীদের জীবিত জ্বালিয়ে দেয়া হবে, তাদের বৃদ্ধ বাবার সামনে যুবতী কন্যাদেরকে তোপের মুখে রেখে ফেড়ে ফেলা হবে, চারদিকে রক্তারক্তি যুদ্ধ হবে, পাহাড়ের বুক চিড়ার বোম্বিং হবে, যমীন ধ্বসানোর গোলাবর্ষণ হবে, দেহগুলো থেকে রক্তের ফোয়ারা

ছুটবে, মাথার খুলীগুলো বাতাসে ধূণা তুলোর মতো উড়তে থাকবে, মানুষের দেহের গোস্তগুলো দিক বিদিকে ছিন্নভিন্ন পড়ে থাকবে, গর্জনের তীব্রতায় যমীনের দীল ফেটে যাওয়ার উপক্রম হবে, বন্দুকের নাল থেকে বের হওয়া গুলি কানের পাশ দিয়ে শাই শাই করে উড়ে যাবে, আহত এবং যখমীদের আহ! আহ! কাতরানো বাতাস বন্ধ করে দেয়ার উপক্রম হবে, নীল নদের তীর থেকে কাশগর ভূমি পর্যন্ত যুদ্ধ আর যুদ্ধ চলতে থাকবে। এই পরিস্থিতিতে কে কার সাথে থাকবে? এটা বড়ই গুরুত্বপূর্ণ এবং কঠিন প্রশ্ন। এসবের সাথে সাথে সরকারী উলামা মাশায়েখ কর্তৃক ইমাম মাহদীকে দেয়া 'না জানা' শত উপাধি আর মূল্যবান প্লট, বহির্বিশ্বে সফর, আজীবন সরকারী ভাতা এবং সুস্বাদু সরকারী ডিনারের বিনিময়ে লেখা ফতোয়া, ইমাম মাহদীর সঙ্গদাতাদের বিরুদ্ধে দাজ্জালী প্রোপাগাণ্ডা, এসব বিষয়ের প্রতি লক্ষ্য করুন, তারপর আপনার সেই সিদ্ধান্তের প্রতি অন্তরচক্ষু দিয়ে লক্ষ্য করুন 'যখন ইমাম মাহদী আসবে তখন তার সাথে মিলে জিহাদ করে নিবো, এখনো জিহাদের সময় অনেক বাকি।'

ইমাম মাহদীর সাথে জিহাদ করবেন নাকি করবেন না তার সহজ জবাব কুরআন দিয়েছে। আল্লাহ তা'আলার বাণী, যদি তারা বের হওয়ার ইচ্ছা করতো তাহলে অবশ্যই এরজন্য প্রস্তুতি গ্রহণ করতো।

আমাদের যখন এই অবস্থা যে, জিহাদের প্রস্তুতি গ্রহণ করতেও রাজি নই, তখন জিহাদের প্রস্তুতি-ই যেখানে নেই, সেখানে ইমাম মাহদীর সাথে জিহাদের কিভাবে শরীক হবেন? তাছাড়া কথা হলো, এখনো জিহাদ ফরযে আইন। সুতরাং এখন কোন্ জিনিস জিহাদে শামিল হওয়া থেকে বাধা দিচ্ছে? এটা জিহাদের সময়, দুশমন মাথার উপর দাঁড়িয়ে আছে। সুতরাং এখনই জিহাদে শরীক হয়ে যান, তাহলে এই জিহাদই তাঁর নেতৃত্বে আদায় করা যাবে। তিনি যদি না-ও আসেন, তাহলেও আমাদেরকে সেই ফরয আদায় করতে হবে যে ব্যাপারে আমাদের জিজ্ঞেস করা হবে। এ কথা মনে রাখতে হবে, জিহাদ নামায রোযার মতই একটি ইবাদাত। কোনো ইবাদাত তখনই করতে পারে, যখন অন্তরে তার আগ্রহ থাকে। আল্লাহ তা'আলার নিকট কেঁদে কেঁদে তা চাওয়া হয়। তার জন্য চেষ্টা করা হয় এবং তার কদর করা হয়। সুতরাং জিহাদ চাওয়া ছাড়া, চেষ্টা ছাড়া, প্রস্তুতি

ছাড়া কিভাবে মিলবে? অথচ ফাযায়েলের ক্ষেত্রে এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদাত। তাছাড়া জিহাদের প্রস্তুতিকে আল্লাহ তা'আলা মুসলমানদের উপর ওয়াজিব করেছেন। তাই প্রথমে অন্তত এতটুকু শিখতে হবে যে, জিহাদ কিভাবে করতে হয়। ওই ব্যক্তিকে আপনি কিভাবে সত্য হিসেবে মানবেন, যে এই কথা বলে, আমি নামায পড়তে চাই, আমার নামায পড়ার নিয়ত আছে, কিন্তু সে অযু-ও করে না নামাযের প্রস্তুতিও নেয় না? ইমাম মাহদীর সাথেই যদি জিহাদ করবেন, তাহলে তার প্রস্তুতি এবং তারবিয়াত তো এখনই করতে হবে। কারণ, ইমাম মাহদী কোনো দিন তারিখ ঠিক করে আসবেন না, যে আপনি সেই তারিখের আগে তারবিয়াত করে নিবেন।

অকল্পনীয় যুদ্ধের প্রস্তুতি নিন

এসব কথা ছাড়াও মূল এবং সোজা কথা হলো, আমাদের দীলকে প্রশ্ন করা উচিত, অন্তরে আল্লাহর সাথে মিলিত হওয়ার আকাঙ্খা আছে কি নাই? দুনিয়ার এতো দীর্ঘ আশা, সরঞ্জামে ভরপুর ঘর, বৃদ্ধকাল পর্যন্ত পরিকল্পনা, মৃত্যুর পর স্ত্রী-সন্তানের জন্য পরিকল্পনা, দুনিয়ার স্বাদ, দস্তরখান ভরা ডিনার-লাঞ্চ, অতি মূল্যবান পোষাক-পরিচ্ছেদ, যিন্দেগী জুড়ে উপার্জন, লয়শীল ক্ষয়শীল ঘরের আরাম-আয়েশ, টাইলস কেমন লাগাতে হবে, কালার কেমন হওয়া উচিত, ঘরের ভিতরের ডেকোরেশন কাকে দিয়ে করাতে হবে, এসব কিছু দেখে তো মনে হচ্ছে আল্লাহর সাথে মিলিত হওয়ার কোনো ইচ্ছা-ই আমাদের নেই। এই দুনিয়া থেকে চলে যাওয়ার খেয়ালও অন্তরে প্রবাহিত হয় না। এসব তো কাফেররা করবে। কারণ তাদের উদ্দেশ্যই দুনিয়া। কিন্তু উম্মতে তাওহীদ যদি এই ঘরের সাজ সজ্জাকেই যিন্দেগীর আসল মাকসাদ করে নেয়, যাকে ছেড়ে চলে যেতে হবে, যা বিরান হয়ে যাবে, যেখান থেকে নিজের জানাযা বের হবে, যেই উম্মতের প্রত্যেক সদস্যের নিজের পেট কেটে হলেও অস্ত্র কিনে রাখা উচিত, সেই উম্মতের গোটা সম্পদ অতিরিক্ত কাজে খরচের এরাদা করা কোন্ জ্ঞানের পরিচয়? হুঁশিয়ার তো সেই ব্যক্তি, যে মসিবতে পড়ার

আগেই তা থেকে বাঁচার ব্যবস্থা করে রাখে। জ্ঞানি সেই ব্যক্তি, যে যুদ্ধের আগে যুদ্ধের প্রস্তুতি নেয়। পাকিস্তানের মুসলমানদের জন্য নিকট ভবিষ্যতে এক বিপদজনক যুদ্ধের মুকাবেলা করতে হবে। প্রশাসকরা মিথ্যা শান্তনা দিক অথবা আনবিক শক্তির ভয় দেখাক, ভারত এবং আমেরিকার সাথে লড়াই করা, পাকিস্তান টিকিয়ে রাখার জন্য আবশ্যক। আর আনবিক শক্তির ভয়? তাহলে ধীরে ধীরে কাতরাতে কাতরাতে মরার চেয়ে একবার দুশমনের সাথে মুকাবেলা করে শাহাদাতের পিয়ালা পান করা খুবই সহজ। ভারত আমাদের পানি বন্ধ করে ধীরে ধীরে মারার পরিকল্পনা করেছে। পানি ছাড়া কিভাবে যিন্দেগী অতিবাহিত করবো? তা সেই লোক কখনো অনুমান করতে পারবে না, যে সবসময় হাতের নাগালে পানি পায়। বাকি থাকলো শাসকগোষ্ঠীর কথা। তাদের কথা বাদ দিন এবং নিজের বাহুর উপরই ভরসা করুন। কারণ এই ভূখণ্ডের প্রতিরক্ষা সাধারণ মুসলমানদেরই করতে হবে। সময় খুবই কম। বিশেষত গিলগিট, করাচী এবং পাঞ্জাবের জন্য। নিজেদের শহর এবং মহল্লায় অবস্থানরত মুজাহিদীনের কদর করুন। সেই সময় খুবই নিকটে যখন মানুষ এই আশা করবে হায়! যদি আমাদের ঘরে কোনো মুজাহিদ থাকতো। মহল্লাবাসী আফসোস করতে থাকবে, হায়! যদি মহল্লায় একজন মুজাহিদও থাকতো, যে আমাদের ঘরে প্রবেশ করা হায়েনাদের চোয়ালে হাত রাখার হিম্মত দেখাতো। তাঁদের কদর ইরাকীদের অন্তরকে জিজ্ঞেস করুন। এই দৃশ্য দজলা ফুরাতের তীর দেখেছে। আপনি সেই দৃশ্য নিজের চোখের সামনে আনুন। মুসলমানদের মহল্লা ঘেরাও করে সবকিছু লুটে নিয়ে যায়। গোটা যিন্দেগীর কামাই, ইজ্জত, জান-মাল সবকিছু ধ্বংস করে চলে যায়। পিছনে শুধু জ্বলন্ত স্তুপ, চর্বি পোড়া গন্ধ, সেসব স্ত্রীর চক্ষু যা যখমী অবস্থায় যিন্দেগীর শেষ নিশ্বাসগুলো গণনা করছে, যাকে এসব দৃশ্য দেখার জন্য জীবিত ফেলে গেছে, বাচ্চার লাশের সাথে জড়ানো মমতাময়ীর লাশ, বৃদ্ধ বাবার উপর পড়ে থাকা যুবক ছেলের লাশ, মেয়ে আর বোনদের চিৎকারে দজলা ফুরাতের শোক। হাজারো আবাদীর মধ্যে এমন একজনও নেই যে আমেরিকা এবং তাদের চরদের মুকাবেলায় অস্ত্র চালাতে জানে। তারপর আপনার সেই সন্ত্রাসীরাই ইয়ামান, সউদী আরব, শাম এবং আফগানিস্তান

থেকে বোনদের চিৎকারে লাব্বাইক বলেছে। ইরাকের শহরবাসীরা নিজেদের ইয্যত ও জানের নিরাপত্তার জন্যই নিজেদের ঘরে এবং মহল্লায় মুজাহিদীনকে জায়গা দিতে থাকে। তাদের জন্য খাবার-দাবারের ব্যবস্থা করতে থাকে। সেই জানবাযরা আত্মত্যাগ এবং কুরবানীর এমন নযীর স্থাপন করে যে, আজ ইরাকের মুসলমান তাদের পথে চোখ মেলে থাকে এবং তাদের জন্য জান কুরবান করছে। সুতরাং এই সময় আসার আগেই পাকিস্তানের মুসলমানদের উচিত সেসব দরবেশের (মুজাহিদ) কদর করা। তাদের ব্যাপারে আপনার জ্ঞান শূণ্যের কোটায়। যদিও আপনার ধারণা, আপনি তাদের ব্যাপারে অনেক কিছু জানেন। আপনার জ্ঞানের মাধ্যম হলো দুনিয়ার মিথ্যাবাদি দাজ্জালরা। যারা আপনার মস্তিস্কে দাজ্জালি ভরে দিয়েছে। আপনি তাদেরকে যে নামই দেন, সন্ত্রাসী, পাগলামী, পরিণামপছন্দী, মোল্লা, তালেবান। যা ইচ্ছা দিতে পারেন, ইসলাম এবং পাকিস্তানের দুশমনদের কালো তালিকায় জায়গা, জান কুরবানকারীদের উপর পাথরাঘাত। আপনি ইনসাফগার হোন আর দয়ালু হোন, সময়ই সব খরকুটা পৃথক করে দিবে। কার অন্তরে এখানকার মুসলমানদের দরদ আছে, আর কারা পাকিস্তানের নামের উপর আম জনতাকে লুটে খাচ্ছে?

কে দোস্ত কে দুশমন?

ইমাম মাহদীর সাথে কোন্ মুসলমান থাকবে এবং তার দুশমনদের সাথে কারা থাকবে? এর জবাব খুবই সহজ। কিন্তু না বুঝতে চাইলে খুবই মুশকিল। আল্লাহ তা'আলা তাঁর অনুগতদের কাছে এটাই চান যে তারা কেবল তাঁরই একনিষ্ট হয়ে থাকবে। যদি কারো শতকরা নিরানব্বই ভাগ তার এবং শতকরা এক ভাগ অন্য কারো থাকে, তাহলেও তাকে কবুল করা হবে না। সুতরাং আল্লাহ তা'আলা ঈমানদারদেরকে এই হুকুম করেছেন যে, তারা যেনো পৃথিবীতে সকল মতবাদ খতম করে কেবল আল্লাহরই নেযাম প্রতিষ্ঠা করে। যাতে সে শতকরা একশ ভাগই আল্লাহর ইবাদাতকারী হয়ে যায়। তিনি ঘোষণা করেন, আর তোমরা কাফেরদের

সাথে কিতাল করতে থাকো, যতক্ষন না ফেতনা খতম হয়ে যায় এবং পুরোপুরি আল্লাহর দীন প্রতিষ্ঠিত হয়ে যায়।

ইমাম মাহদী এসেও এই ফরয বাস্তবায়ন করবেন। কিতাল ফী সাবিলিল্লাহ‘র মাধ্যমেই গোটা পৃথিবীকে কুফর ও শিরকমুক্ত করে খেলাফতে ইসলামিয়া প্রতিষ্ঠা করবেন। ইমাম মাহদীর সাথে সেসব হকপন্থীরা থাকবেন, যারা আল্লাহ তা‘আলার সকল বিধি বিধানের সামনে মাথা ঝুকাবেন। ইসলামের সকল হুকুমের সাথে তাদের মহব্বত হবে। রাতে জায়নামাযে দাঁড়িয়ে অশ্রু ঝরাবেন আর দিনের বেলা জিহাদের ময়দানে বীরত্ব প্রদর্শন করবেন। তাঁদের অন্তরে আল্লাহর বন্ধুদের মহব্বত থাকবে এবং আল্লাহ দুশমনদের ঘৃণায় অন্তর ভরপুর থাকবে। মুসলামানদের হত্যাকারীদের উপর তাদের রক্তচক্ষু থাকবে। সর্বাবস্থায় কেবল এবং কেবলই আল্লাহর ইবাদাতকারী হবেন। কখনো ইবলিশী নীতিমালার উপর সন্তুষ্ট হবেন না। আল্লাহ তা‘আলা যেসব জিনিসকে হালাল করেছেন সেগুলোকে হালাল মনে করবেন এবং যেগুলোকে হারাম করেছেন সেগুলো হারাম মনে করবেন। যদি কেউ শক্তির মাধ্যমে আল্লাহর বিধি বিধান পরিবর্তন করতে চায়, তাহলে সে তাদের সাথে কিতাল করবে। জান কুরবান করে হককে হক হিসেবে এবং বাতিলকে বাতিল হিসেবে প্রমাণ করবে। অথচ তাঁদের মুকাবেলায় গোটা বাতিল শক্তি থাকবে। কাফেরদের সাথে সেসব নামধারী মুসলমানও থাকবে, যারা ইসলামী নীতিমালার উপর ক্ষেপা, পৃথিবীতে ইসলামী খেলাফত প্রতিষ্ঠার প্রতিবন্ধক, আল্লাহর বিধি-বিধানের প্রতি ঘৃণা পোষণ করে এবং পর্দাকে উন্নতির পথে অন্তরায় মনে করে, যাদের নিকট জিহাদ হলো সন্ত্রাসী এবং ভদ্রতার খেলাফ, কিতাল ফি সাবিলিল্লাহকে মানে না, অন্তর যাদের দুনিয়ার মহব্বত এবং মৃত্যুর ভয় দখল করে আছে, খাহেশাত যাদের উপর বিজয়ী হয়ে আছে, জিহাদের পরিবর্তে ঘরে বসে থাকা যাদের কাছে অধিক প্রিয়, ফেতনায়ে মাল, দুনিয়া, নারী এবং সন্তান-সন্ততী বেষ্টন করে রেখেছে। মনে রাখতে হবে ইমাম মাহদীর বিরুদ্ধে প্রথম যুদ্ধ ঘোষণাকারী একজন নামের মুসলমান সুফিয়ানী হবে। তার সেনাবাহিনী যদিও নিজেদেরকে মুসলমান মনে করবে, কিন্তু বাস্তবে তারা মুরতাদ হবে। মূলকথা হলো, যে

যাকে পছন্দ করে সে তার পক্ষে লড়বে। আল্লাহ তা'আলার ঘোষণা, যারা ঈমানদার, তারা কিতাল করে আল্লাহর রাস্তায়। আর যারা কাফের তারা কিতাল করে তাগুতের রাস্তায়। এজন্যই তোমরা শয়তানের বন্ধুদের বিরুদ্ধে কিতাল কর। নিশ্চয় শয়তানের চক্রান্ত দূর্বল।

সুতরাং হে ঈমানদারেরা! প্রস্তুতি গ্রহণ করুন। আরামপ্রিয়তা ছেড়ে পরিশ্রমী হোন। আসুন! পরিপূর্ণ ভাবে আল্লাহর দীনে প্রবেশ করুন। যার মধ্যে জিহাদ এবং কিতালও রয়েছে। আল্লাহ ওয়ালাদের পথের মুসফির হয়ে যান। তাদের সাথে দাঁড়িয়ে যান। প্রশস্ততা-সংকীর্ণতা, আনন্দ-বেদনা সকল অবস্থায়। যদি আমাদের সামনে ইমাম মাহদীর প্রকাশ হয়ে যায়, তাহলে আল্লাহর মদদে তাঁর সাথে শামিল হয়ে যাবো। আর যদি তাঁর আগেই শাহাদাত নসীব হয়ে যায় তাহলে ইনশাআল্লাহ কিয়ামতের দিন তাঁর সাথে উঠানো হবে। আল্লাহর কাছে কান্নাকাটি করে, নিজের দূর্বলতা স্বীকার করে চেয়ে নিন, হে আল্লাহ! দাজ্জালের মিথ্যাচার থেকে হেফাজত থেকে মুক্ত রেখে হকপন্থীদের সাথে শামিল করে দিন। তাদের সাহায্যকারী বানিয়ে দিন। আমাদের অন্তরে তাঁদের মহব্বত পয়দা করে দিন। আমীন।

দলীল-প্রমাণের ভিত্তি

১. তাফসীরে কুরতুবী।
২. তাফসীরে তিবরী।
৩. তাফসীরে রুহুল মাআ'নী।
৪. সহীহ বুখারী।
৫. সহীহ মুসলিম।
৬. আল আহাদ ওয়াল মাছানী।
৭. সুনানে আবু দাউদ।
৮. সুনানে ইবনে মাজাহ।
৯. আস সুনানুল কুবরা।
১০. সুনানুত তিরমিযী।
১১. আল মুজতাবা মিনাস সুনান।
১২. আত-তারীখুল কাবীর।
১৩. আল জামে'অ লি মুআম্মার বিন রাশেদ।
১৪. আয যুহুদ ওয়া ইয়ালীহির রকায়িক। (আব্দুল্লাহ বিন মুবারক রহ.)
১৫. আস সুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান ওয়া গওয়ায়িলিহা ওয়াস সাআতু ওয়া আশরাতুহা। (আবু আমর উসমান বিন সাঈদ)
১৬. মুসতাদরাক লিল হাকিম নিসাপুরী।
১৭. আল মুজামুল আওসাত্ব (আবুল কাসেম সুলাইমান)
১৮. আল মুজামুল কাবীর (আবুল কাসেম সুলাইমান)
১৯. সুনানুল বায়হাকী আল কুবরা।
২০. আল ফিতান লিনুআইম বিন হাম্মাদ।
২১. শুআবুল ঈমান লিল বায়হাকী।
২২. সহীহ ইবনে হিব্বান বিতারতীবি ইবনে বুলবান।
২৩. সহীহ ইবনে খুযাইমা।
২৪. ফাতহুল বারী। (আহমদ বিন আলী আস শাফেয়ী)
২৫. ফাতহুল বারী। (ইবনে রজব হাম্বলী)
২৬. আল হুকমুল জাদীরাহ বিলআযাআ'হ। (ইবনে রজব হাম্বলী)

২৭. জামিউল উলুম ওয়াল হিকাম। (ইবনে রজব হাম্বলী)
২৮. যম্মুদ দুনিয়া লি ইবনে আবিদ দুনিয়া।
২৯. কিতাবুয যুহদিল কাবীর। (আবু বকর আহমদ বিন হুসাইন)
৩০. কিতাবুস সুনান। (আবু উসমান সাঈদ বিন মানছুর আল খুরাসানী)
৩১. মাজমাউয যাওয়ইদ ওয়া মামবাউল ফাওয়াইদ। (আলী বিন আবু বকর আল হায়ছামী)
৩২. মুসনাদে আবি ইয়ালা।
৩৩. মুসনাদে ইমাম আহমদ বিন হাম্বল।
৩৪. মুসনাদে ইসহাক বিন রাহুইয়াহ।
৩৫. আল বাহরুয যুখার। (আবু বকর আহমদ বিন আমর আল বাযযার)
৩৬. মুসনাদুস শামিয়ীন। (সুলাইমান বিন আহমদ)
৩৭. আল কিতাবুল মাছান্নাফ ফিল আহাদিসি ওয়াল আছার। (আবু বকর আব্দুল্লাহ বিন মুহাম্মদ)
৩৮. মাওয়ারিদুয যমআন ইলা যাওয়াইদি ইবনে হিব্বান। (আলী বিন আবু বকর আল হায়ছামী)
৩৯. আউনুল মা'অবুদ শরহু আবি দাউদ।
৪০. শরহুন নাওয়াভী আলা সহীহ মুসলিম।
৪১. শরহুস সূয়ূতী আলাল মুসলিম।
৪২. হাশিয়াতুস সিন্দি আলা সহীহিল বুখারী। (মুহাম্মাদ বিন আব্দুল হাদী ও আবুল হাসান নুরুদ্দীন)
৪৩. হাশিয়াতুস সিন্দি আলা নাসাঈ। (মুহাম্মাদ বিন আব্দুল হাদী ও আবুল হাসান নুরুদ্দীন)
৪৪. শরহু সহীহিল বুখারী লি ইবনে বাত্তাল।
৪৫. মিরকাতুল মাফাতিহ। (মুল্লা আলী কারী)
৪৬. আল মাসনু ফি মারেফাতিল হাদীসিল মাউজু। (মুল্লা আলী কারী)
৪৭. মাসনুআতিস সগানী।
৪৮. মুজামুল বুলদান। (ইয়াকুত বিন আব্দুল্লাহ)
৪৯. তারীখে বাগদাদ। (খতীবে বাগদাদী)
৫০. তারীখুত তিবরী। (মুহাম্মাদ বিন জারীর আত তিবরী)

৫১. আল মুনতাযিম ফি তারীখিল মুলুক। (আব্দুর রহমান বিন আলী)
৫২. আল কামেল ফিত তারীখ। (ইযযুদ্দীন উলইয়া বিন আছীর ৫৫৫-৬৩০ হি.)
৫৩. কানযুল উম্মাল ফি সুনানিল আকওয়াল ওয়াল আফআল। (আলী বিন হুসামুদ্দীন ৮৮৮-৯৭৫হি.)
৫৪. আল জিহাদ ওয়াত তাজদীদ। (মুহাম্মাদ হামিদুন নাছির)
৫৫. মাজমুউল ফাতাওয়া। (তাকিউদ্দীন ইবনে তাইমিয়া রহ. ৬৬১-৭২৮ হি.)
৫৬. আল লুঅলুউ ওয়াল মারজান ফী মাত্তাফাকা আলাইহিস শায়খান। (মুহাম্মাদ ফুয়াদ বিন আব্দুল বাকী ওফাত ১৩৮৮ হি.)
৫৭. উলামায়ে হিন্দ কা শানদার মাজি। (মুহাম্মাদ মিয়া দেওবন্দী রহ.)
৫৮. তারীখে দাওয়াত ওয়া আযীমাত। (আবুল হাসান আলী আন নদভী রহ. ১৩৩৩- ১৪২০ হি.)
৫৯. আল বিদায়া ওয়ান নিহায়া। (ইবনে কাছীর রহ. ৭০০-৭৭৪ হি.)
৬০. আন নিহায়া ফিল ফিতান ওয়াল মালাহিম। (ইবনে কাছীর রহ. ৭০০-৭৭৪ হি.)
৬১. আল মুফাস্‌সাল ফী আহাদিসিল ফিতান। (আলী বিন নায়েফ)
৬২. আতহাফুল জামাআহ বিমা জাআ ফিল ফিতানি ওয়াল মালাহিমি ওয়া আশরাতিস সাআহ। (হুমুদ বিন আব্দুল্লাহ ওফাত ১৪১৩ হি.)
৬৩. আহাদিস ফিল ফিতান ওয়াল হাওয়াদিস। (মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব ১১১৫-১২০৬ হি.)
৬৪. আল ফিতান লিহাম্বল বিন ইসহাক।
৬৫. মাউসুআতুল ইয়াহুদ ওয়াল ইয়াহুদিয়্যাহ। (আব্দুল ওয়াহ্‌হাব আল মুসাইরী)
৬৬. ইয়াহুদুদ দুনামাহ (মুহাম্মাদ আলী কুতুব)
৬৭. সিয়ারু আ'লামিন নুবালা। (ইমাম যাহাবী রহ. ৬৭৩-৭৪৮ হি.)
৬৮. আহকামুল কুরআন লিল জাচ্ছাছ। (আবু বকর আল জাচ্ছাছ রহ. ৩০৫-৩৭০)

৬৯. সিফাতুন নিফাক ওয়া যম্মুল মুনাফিক। (আবু বকর আল ফরিয়াবী রহ. ২০৭-৩০১ হি.)
৭০. ইনসাইক্লুপিডিয়া অফ বৃটেনিকা।
৭১. ইনসাইক্লুপিডিয়া অফ আনকারটা।
৭২. মাজাল্লাতুর রাছেদ-৯।
৭৩. The History of the House of Rothschild By Andy and Daryl.
৭৪.The Rockefeller Syndrome By Ferdinend Lunberg.
৭৫.Secret Societies and their power in the 20th century By Jan Van Helsing.

কী আছে এই বইয়ে?
* সকল ফেতনার সর্বোত্তম সমাধান কী?
* দেশপ্রেম কি ঈমানের অঙ্গ?
* ইহুদী যাদুকরদের সফলতার রহস্য কী?
* অতীত আমাদের কী শেখায়?
* মুসলিম বিশ্বের চলমান যুদ্ধগুলো কী মুসলমানদের আপসে লড়াই?
* হিন্দুস্থানের মুসলমান কার সাথে জিহাদ করবে?
* ব্লাক ওয়াটার কী? তাদের কাজ কী?
* ইমাম মাহদীর প্রকাশের আলামত কী?
* ইমাম মাহদীর দোস্ত কে দুশমন কে?
আপনার সংগ্রহে রাখার মতো
আমাদের কিছু বই
* বিস্ময়কর বিসমিল্লাহ।
* আদর্শ পরিবার ও মহিয়সী নারী।
* আসল তাবলীগ নকল তাবলীগ।
* কষ্টি পাথরে দেওবন্দী মতবাদ।
* ওরা কেনো অস্ত্র রাখে?
* ওরা কেনো যুদ্ধ করে?
* দরদী ভারত! (বিস্ফোরণ-১)
* জঙ্গী প্রজনন কেন্দ্র! (বিস্ফেরণ-২)
* তোলপাড় (গল্প)
* নয়া তুফান (কবিতা)
* ফেরারী প্রেম (কবিতা)
বদলে দেয়ার মিছিলে নতুন মশাল
রুহামা প্রকাশনী
০১৫৫৪৯৮৮৯৩৯, ০১৬৭০৬৫৬২৩১